বীরেক্রবিনাশ

नाउँक।



শ্রীহরিমোহন চট্টোপাধ্যায়।

প্রণীত।

প্রীযুক্ত কুমার রাধাপ্রসাদ রায় মহাশয়ের সাহায্যে প্রকাশিত।

কলিকাতা

वक्रविमा श्रकां निका युद्ध

মূদি, তা

त्रम ४२४२ माल ।



Acc 20/80 /2004

2

Wospendra Nath Raya


J (14)

মাননীয়

ত্রীযুক্ত কুমার রাধাপ্রসাদ রায় মহাশন্ত্র সমীপেয়ু।

যুবরাজ । মদ্রচিত এই "বীরেন্দ্র বিনাশ, নাটকখানি আপনাকে উপহার প্রদান করিলাম। অনুগ্রহপূর্ব্বক আপনি যদি ইহার আদ্যোপান্ত পাঠ করেন, তাহা হইলেই আমার শ্রম সফল হইবে।

সন ১২৮২ সাল। বু আপনার একান্ত বশম্বদ।
তাং ১ বৈশাখ। বু শীহরিমোহন চটোপাধ্যায়।



পরম কল্যাণীয় শ্রীযুক্ত কুমার রাধাপ্রদাদ রাম বাহাত্বর নিরাপদ-দীর্ঘজীবেয়।

বুবরাজ ! রাজা সুখ্ময় রায়ের আভিজাত্য-গৌরব এই বন্ধ রাজ্যের কে না অবগত আছেন ? তুমি এক্ষণে তাঁহার বংশের তিলক-স্বরূপ। রাজসন্তানগণের যে সকল সদ্প্রণের নিতান্ত প্রয়োজন, তোমাতে তাহার সকলই লক্ষিত হয়। চিরকাল একটা প্রথা আছে, গ্রন্থকারেরা নূতন গ্রন্থ প্রপূর্যন কোন মহামূত্র ব্যক্তির নামে গ্রন্থকানি উৎসর্গ করিয়া থাকেন; অনেকে আবার প্রাণসদৃশ প্রিয়বন্ধুর নামেই মূতন গ্রন্থ উৎসর্গ করেন। তুমি একে উচ্চ বংশে জন্ম গ্রহণ করিয়াছ, তাহাতে আবার ঈশ্বর তোমাকে নানা সদ্প্রণের আধার করিয়া তুলিয়াছেন, তদ্ভিম আবার তোনার সহিত আমার বার পর নাই সৌহ্লা-সঞ্চার হইয়াছে, মূতরাং আমার বছকটো প্রণীত এই "বীরেক্রবিনাশ" নাইক থানি তোমাকেই অর্পণ করিছে বাধ্য হইলাম। ইতি সন ১২৮২ সাল তাং : লা চৈত্র।

ভোমার নিভান্ত মঙ্গলাকাক্ষী। শ্রীহরিমোহন চটোপাধ্যায়।

নাট্যোল্লিখিত পুরুষগণ।

বিরাট মৎস্যদেশাধিপতি।				
বীরেন্দ্র দেনাপতি—রাজার শ্রালক।				
উত্তর রাজকুমার।				
কক্ষ রাজ-পারিবদ—চল্মবেশী বৃধিন্তির।				
বল্লভ রাজ- সূপকার—ছদ্মবেশী ভীম।				
বৃহন্নলা ছদ্মবেশী অৰ্জ্জুন।				
थि श्चिष वीरत्रस्कत् वक्ष्म				
রাক্ষ্য ভট্টাচার্য্য, গণৎকার,				
চোপদার, ইত্যাদি।				
জ্রীগণ।				
রাণী বিরাট-মহিষী।				
শশিকলা বীরেন্দের স্ত্রী।				
উত্তরা রাজকুমারী।				
रमितिक्ती ছिनादिसा दिसी भिनी।				
তর্লিকা)				
তরলিকা) তিলোত্তমা } পরিচারিকাদয়।				
মনোরমা বীরেন্ডের দাসী।				

বীরেন্দ্রবিনাশ

নাটক।



প্রথমান্ত।

श्रथम मः स्वांग ख्ला।

রাজবাটীর দরদালান।

নেপথ্যের একদিক দিয়া মনোরমা অন্য দিক দিয়া তিলোত্তমার রঙ্গ ভূমিতে প্রবেশ।

তিলো! এ কিলো মনোরমা! তবু ভাল যে চাঁদ মুখ দেখতে পোলেম।

মনো। কি করি ভাই বাড়ী থেকে বেরুতে পাইনে, যে তোর সঙ্গে এসে একবার দেখা করি। লোকে কথায় বলে আমার "মরবার অবকাশ নাই,, আমার সন্তি সন্তি ভাই তাই হয়ে পড়েছে।

- তিলো। কেন্লো ভুই এমন কি ভাতার পুতের ঘরকানা পেয়েছিস্? যে আমার সঙ্গে একবার দেখা কত্তে পারিস্ নে।
- মনো। তুই ভাই ঠাট্টা ছাড়া কথা ক'স্নে। রস যে গড়িয়ে পড়ছে ?
- তিলো। রস কোন্ কালেই বা কম, কেবল পথ না পেয়ে বেরুতে পোলে না।
- মনো। একথাটা যে ভারি ছঃখের কথা হ'লো ভাই।
- তিলো। তুংখের কথা সবই; কেবল মাঝে মাঝে এক এক বার চড়ুকে হাঁসি হাঁসি। এবারকার জন্ম চাই এই রকমে গেল—দে যাহউক এখন আগুণ খাগির মত কোথা ছুটে যাচ্ছিলি বল দেখি?
- মনো। একবার ভাই রাণী মার কাছে যেতে হবে। একটা বিশেষ কথা আছে।
- তিলো। বাবা! রাণীর সঙ্গে বিশেষ কথা! ভুইতো কম মেয়ে নসূ।
- মনো। কেন ভাই! বড় মানুষের মেয়েরা কি দাসীর সঙ্গে কথা কয়না। তারা যে আমাদের পেটে প্রণচে আছে লো।
- ভিলো। আমাদের রাণী কারুপেটে প্রচবার মেয়ে নয়। সে আবার আমাদের সঙ্গে কথা কইবে।

আগেষাও বা ছটো পাঁচটা কথা কইত তা গৈরিক্বী বাড়ী চুকে অবধি সে গুড়ে বালি প'ড়েছে। আমাদের আর কাছে যেতে দেয় না।

মনো। সে বুঝি এখন মন যুগিয়ে কাজ কর্ত্ম কচেছ। তিলো। তাকে আর কাজ কতে হয় না। কাজের

বেলা আমরা, আর পাবার বেলা সে।

মনো। তবে সৈরিন্ধী প্রিয় হলোকিসে লা? তিলো। ওলো ব্রবিসনে যার রূপ থাকে সেই রাণীর

কাছে প্রিয় হয়। কথার বলে শুনিস নি, "রূপের মাথার ধর ছাতি, গুণের মাথার মার নাতি "

মনো। ও যে উল্ট বলে গেলি।

তিলো। আমাদের বাড়ি সবউণ্ট বিচের। সৈরিদ্ধীকে রাণী সোনার চকে দেখেচে। একদণ্ড আছ ছাড়া করে না।

মনো। হাঁ ভাই! সৈরিদ্ধী এমন স্কল্পরী, তা—না ভাই কোন কথায় কাজ নেই।

তিলো। কাজ নেই কেন! কি বলছিলি বল না। আমি তেমন মেয়ে নই যে পেটে কথা থাকবে না।

মনো। না ভাই এমন কিছু নয়। বলি কি, সৈরিকীর রূপের জাঁক উঠেছে। তা কি ভাগ্যি রাজা——

তিলো। রাণী বুঝি তাকে রাজার সম্মুখে বেরুতে দেয় ?
(২)

রাজা যথন তুপুর বেলা বাড়ীর ভেতর থেতে আসে, রাণী তথন সৈরিন্ধীতে রানা বাড়ীতে পাঠিয়ে দেয়। আর রাজা কতককণই বা বাড়ীর ভেতর থাকে। যদি বলিস্ রাজকুমার। সে আমাদের ভাই তেমন ছেলে নয়।

- মনো। হাঁ ভাই তিলু! তোরা তো সরিকে নিরে প্রায় এক বৎসর কাটালি। ওর ভাব ভক্তি কিছু টের পেয়েছিস ?
- তিলো। না ভাই! ধর্মকথা বলতে হবে। সরি আমাদের এদিকে মান্ত্র ভাল। পুরুষের পানে চেয়ে
 দ্যাখেনা। এত রূপ আছে কিন্তু তারমত ঠাট্
 ঠম্ক নাই। কখন এক খানা ধোপ কাপড় পরে
 না। চুল গাছটা বাঁদে না। আহা চুল তো নয়,
 যেন রেশমের গোচা।
- মনো। ভাই তিলু! আমার বোধ হয় ওর ভিত্রি ভিত্রি অনেক রকম আছে।
- তিলো। তা ভাই। লোকের মনের কথা কেমন করে টের পাব। কিন্তু ভাই, সরিকে দেখলে চক্ষের পাপ পলায়। রাণীর কাছে দাঁড়ালে, রাণীকে তার দাসীর মত দেখায়।
- সনো। কালে তাই হবে। সে স্ত্র উঠেচে—

তিলো। কি স্ত্রর উঠেচে বল না ভাই, আমার মাতা ধাস্।

মনো। না ভাই আমি তা বল্তে পার্বোনা। কর্তা মানা করে দিয়েছে।

তিলো। ওলো! নাবল্লি নেই নেই, তোর শোনবার দশ
দিন আগে আমি টের পেয়েছি। তোদের কর্ত্তা
কি, দিতে চেয়েছে আমি তাও টের পেয়েছি।
আমাকে কর্ত্তা আগে বলে ছিল। তা আমি বলিছিলাম,আমাকে যদি গা ভরা হিরের গয়না দেও তা
হলে হাত দিতে পারি। তুই য়েমন হাবি তাই
অল্লে স্বীকার পেলি।

মনো। আমাকে কর্ত্তা এক গাছা হার দেবে বলেছে। তিলো। (স্বগত) এই পেটের কথা বেরিয়ে পড়ে আর কি, বাবা আমি এক মন্তো ছেনাল। আমার কাছে চালাকি।

নেপথ্যে পায়ের শব্দ ৷

রাণীর প্রবেশ।

রাণী। কি গো! তোরা এখানে কি কথা কচ্ছিস্,
আনেক কণ ধরে তোদের কথা শুনতে পাচিচ যে।
মনো। নামা, আনেক দিনের পর তিলুর সঙ্গে দেখা
হলো, তাই—তাই—বলি—তাই——

রাণী । তা ভয় কি, তোরা সমবইসি, মনের কথা কইবি নি।

মনে!। মা আমাদের কর্ত্তা মহাশয়, আমাকে আপনার! কাচ্ছে পাঠিয়ে দিয়েছেন। আমি আপনার কাছেই যাচ্ছিলাম। পথে তিলুর সঙ্গে দেখা হ'লো।

রাণী। পাঠয়েছে, কেন গা ? আয় দেখি শুনি গে। (মনোরমাকে লইয়া রাণীর প্রস্থান।)

তিলো। হায় হায় হায়, পেটের কথা বার করে নিতে পাল্লাম না। রাণী এসে দব নফ করে দিলে। আর টের পাওয়া ভার হবে। এক বাঁশ জলের নীচে পড়লো। যাই—রাণী দেখে গেলো আবার কি বলবে।

> তিলোত্তমার প্রস্থান। যুবনিকা প্রত্যুব

> > প্রথমান্ত ।

দ্বিতীয় সংযোগস্থল।

রাণী এবং মনোমার প্রবেশ।

রাণী। মনো! বীরেক্ত কি জন্য পাঠয়েছে বল দেখি শুনি। কোন বিপদ্ টিপদ্ হয়নি তো।

- মনো। বালাই বিপদ হবে কেন। কর্ত্তা মহাশয় বাই-বের ঘরে আমাকে চুপি চুপি ডেকে. আপনার কাছে পাঠিয়ে দিলেন। আর বল্লেন দিদিকে বই একথা কারুকাছে বলিস্নে।
- রাণী। ও মনো! তোর কথার যে ভাব পাচিছ না।
 কি ভেঙ্গে চুরে বল। আমার মনে বড় ভয় হচেছ।
 বীরেন্দ্র একে গোঁয়ার।
- মনো । মা আপনি ভয় কচ্চেন ? এ হাঁদবার কথা। রাণী। হাঁদব কি কাঁদব তা কি জানি।
- মনো। মালক্ষী। বলবোকি সরিকে দেখে আমাদের কর্ত্তা মহাশয়, একেবারে পাগল হয়েছেন। তাই আমাকে অপিনার কাছে পাঠিয়ে দিলেন।
- রাণী। দর্বনাশ! এই বুঝি তোমার হাঁদবার কথা। যা ভেবে ছিলাম তাই হলো।
- মনো। কেন মাং এতেকি আপনি রাগ কল্লেন।
- রাণী। তা রাগ করবো না? সৈরিন্দ্রী কি সামান্য ন্ত্রী। পতিব্রতা সতী। বিপদে পড়ে আমার আশ্রয়, নিরেছে ওকি কুলোটা যে সাজিয়ে গুজিয়ে তোর কর্ত্তার কাছে পাঠিয়ে দেব। একথা আমাকে বলে পাঠাতে বীরেন্দ্রের লঙ্জা বোধ হলো না।

মনো। মা! আমি কি করবো মা, আমার উপর রাগ কল্লে কি হবে।

রাণী। একথা তো তিলির কাছে বলে ফেলিস নি।
মন। একথা কি তারে বলতে পারি মা, কর্তা ষে
বারন করে দিয়েছেন।

রাণী। নাবনতিস্নি। আমি না গিয়ে পড়লে বাঁকি রাখতিস্, কোথায় ভাবছি কেমন করে মানে মানে ওকে বিদেয় করে দেব। মহারাজ তেমন নন. তিনি পর স্ত্রীর প্রতি দৃষ্টিপাৎ করেন না। আমার উহরের কথায় তো কথাই নাই। সে আমার ধর্মপুত্র মুধিষ্ঠির। কেবল ভয় ছিল বীরকে নিয়ে ,, বলে ষেখানে বাঘের ভয়। সেই খানে সন্দ্যা হয়,,

মন। মা! এটি হলে কিন্তু বউ ঠাকরুণ ভারি রাগ কর্ত্তেন।

রাণী। সেই ভয়েতো আমার ঘুম হচ্ছে না।

মন। তা বইকি মা! আগে ভাই না ভাজ—ভাই বেঁচে থাকলে কতো ভাজ হবে।

রাণী। ওগো! তুই বাড়ী যা। তোর জ্বালায় আর বাচিনে। তুইতো আমার কথা বুঝতে পাচ্ছিদ্না। আমি যা ভাব্চি তা আমিই জানি। মন। মা! আপনি মানা কল্লে কর্ত্তা— রাণী। সে যাহবার তাহবে। তুই বাড়ী গিয়ে বীরকে আমার কাড়ে পাঠয়ে দিগে।

মন। যে আজ্ঞা মা! তবে আমি চল্লাম। (প্রণাম করে প্রস্থান) যেতে যেতে (স্বগত) ভাল আশা করে ছিলাম, ভালো পরা পরে নিলাম। এখন, এমনি হলো শেষে রইতে না পাই দেশে। যদি গিমিকে বলে দেয়, তাহলে আমার নাক চুল থাকবে না। আর ভেবে কি করবো অদ্টো যা আছে তাই হবে। রাণীর প্রস্থান জব-

প্রস্থান

প্রথমান্ধ সমাপ্ত



দ্বিতীয় অঙ্ক।

প্রথম সংযোগস্থল।

রাণীর বিলাস গৃহে, উপবেশন; নেপ্রথের অপর্নিক দিয়া বীরেন্দ্রের প্রবেশ।

রাণী। এসো প্রিয়তম, ভাই এসো. তোমাকে আজ তুই তিন দিবস একবার দেখিতে পাই নাই, কারণ কি ভাই, কোন অসুধ বোধ ভো হয় নাই।

বিরেন্দ্র । না, প্রিরবয়স্থ প্রিয়ন্দকে লয়ে মৃগরা কত্তে গিয়েছিলাম।

রাণী। ইতিপূর্কে মনরমা আমার আছে এসেছিল। বীরেন্দ্র। হাঁ আমি তাহাকে আপনার নিকট পাঠা-ইয়েছিলেম, দে কোণা গেল।

রাণী। আমি যে তারে তোমাকে ডাক্তে পার্চইরে দিয়েছি, তাহার সহিত সাক্ষাৎ হয় নাই। বীরেন্দ্র। কৈ না।

রাণী। তবে বুঝি সে কোথায় ডাঁড়িয়ে গল্প কচ্ছে। বিরেন্দ্র আমি আপনার কাছে একটি বিষয় মাচিঞা কর্ত্তে এসেচি। রাণী। কি দিতে হবে বলো তোমাকে আমার কি অদেয় আছি।

বীরেন্দ্র। এমন কিছু নয়, বলি সৈরিক্ষ্মী আমার বাড়িতে গিয়ে দিন কত থাকিলে কি আপনার কিছু কট হবে ? আপনারতে। অনেক সহচরী আছে, আমার উপযুক্ত দাসীর অভাবে ভোজনের সময় অত্যন্ত কট হয়।

রাণী। শুন ভাই দৈরিষ্ক্রী সামান্য নারী নয়।
বিপদে লয়েছে এদে আমার আশ্রেয়।
পঞ্চ গন্ধর্কের নারী পতিব্রতা সতী।
ক্রপের নাহিক সীমা গুণে গুণবতী॥
ছুহিতার মত ভাবি উত্তরা ষেমন।
দশ মাস পালিতেছি করিয়া যতন।
দাসী জ্ঞান ভারে ভাই করোনাক আর।
যাহার গুণেতে বশ যত পরিবার॥
সামান্য দাসীর মত চরণ মর্দ্দন।
কিঘা কাছে বসে করা বায়ু সঞ্চালন॥
পারপুরুষের কাছে দৈরিষ্ক্রী না যাবে।
অতএব তাহতে কি উপকার পাবে।

বীরেন্দ্র (স্বগত) আমি যেন পা টেপাতেই নিরে যাচ্ছি, ওর পা টীপ্তে পেলে আমি বাঁচি, (প্রকাশ্যে) দিদি! আপনি অত্যন্ত বুদ্ধিমতী কিন্তু তথাপি স্ত্রীলো-কেরা দকল বিষয় আমাদিণের ন্যায় অকুভব কত্তে পারে না। সৈরিক্সা পূর্বের আমাকে অন্তুরোধ করে পার্টীয়েছিল, তা না হলে দহসা আপনার নিকট এদে একখা প্রকাশ করবো কেন ?

- রাণী। তোমার কাছে অন্থরোধ করে পাঠীয়েছিল।
 ভাই! আমি এবিষয় কিছুমাত্র জানি না। তার যদি
 ইচ্ছা হয়ে থাকে, তবে আমার বাধা দিবার প্রয়োজন কি?
- বীরেন্দ্র। স্থানি তো পূর্ব্বেই বলেছি, আপনি অত্যন্ত সরলা, সহচরীদের অভিপ্রায় কি প্রকারে অনুভব কর্ত্তে পারবেন। তাহারা স্থভাবতঃ অত্যন্ত লোভী, সর্ব্বদা পারিতোষিকের প্রত্যাশা করে। আপনার সৈরিক্ষ্মী পূর্বের নহারান্দ মুধিন্তিরের প্রিয়তমা ক্রপ-দনন্দিনী পাঞ্চালীর প্রিয়সহচরী ছিল। তিনি রাজ্যভ্রুষ্ট হয়ে বনে গমন করায় আপনার কাছে এসে রয়েছে।
 - রাণী। আমার কাছে থাকাতে যদি ওর অসুথ বোধ হয়, আর আপন ইচ্ছায় তোমার সেবায় নিযুক্ত হতে যায় 'তাহা হলে আমার কোন বাধা নাই' সচ্ছদে গমন করুক।

- বীরেন্দ্র। আমার কাছে যে অনুরোধ করে ছিলো, একথা আপনি প্রকাশ করবেন না, তা হলে অত্যন্ত ভর পাবে।
- রাণী। না এ কথা প্রকাশে প্রয়োজন কি। ভাই! তুমি
 যাতে তৃষ্ট থাকো দে বিষয়ে কি আমি বাধা দিতে
 পারি। তবে পূর্বেব যে অমত করেছিলাম তাহার
 বিশেষ কারণ এই, পূর্বেব সৈরিস্ক্রী আমাকে বলেছিল, "আমি পরপুরুষের নিকট গমন কর্বেনা না,
 কেবল আপনার দেবার নিযুক্ত থাক্বো, কোন
 কার্যান্তরেরধেও পুরুষের নিকট আমাকে পাঠাতে
 পারবেন ন!।" আমি সেই পূর্বে প্রতিজ্ঞানুসারে সৈরি
 স্ক্রীকে তোমার বাটাতে পাঠাতে অমত করেছিলাম।
 বীরেন্দ্র। আপনি সৈরিস্ক্রীকে বে প্রকার অজ। করতেন, সে তাহার বজ্ঞপাত্রী নয়। আপনি ত্রাকে

দর্বনা পতিপ্রাণা সতী বলে থাকেন, আর সে আপনাকে প্রতারণা করে বলেছে, 'আমি পঞ্চ গন্ধ-ব্বের পত্নী।" একি আশ্চর্য্য কথা! গন্ধর্বে পত্নী কি দাস্যর্ভিতে নিযুক্তা হয় ?

রাণী। বীরেন্দ্র ! আমার সৈরিন্ধ্রীর প্রতি যে প্রকার শ্রদ্ধা ছিল, তোমার কথায় তাহার অনেক হাস হয়ে গেল। শবলা সরুলা নারী অন্তঃপুরে থাকি ।
পিঞ্জরে যেমন বদ্ধ থাকে পোষা পাথি ॥
শঠতা কাহারে বলে কভু জানি নাই ।
দৈরিজ্বীকে সতী জ্ঞান হয়ে ছিল তাই ॥
রীরেন্দ্র । আমি তবে এখন যাই, প্রয়োজন কালে
দৈরিকে আপনি পাঠীয়ে দেবেন ।
রাণী। তোমার প্রয়োজন হলে আমাকে বলে
পাঠাবে আমি তৎক্ষণাৎ পাঠীয়ে দিব ।

উভয়ের প্রস্থান। ষ্বনিকা পত্রন।

ৰভীয় অহ।

विषीय मः योभन्त ।

রাজবাটির দরদালান বীরেন্দ্রের দৈরিজ্বী প্রতীক্ষায় ইতস্ততঃ পদসঞ্চালন।

নীরেন্দ্র । (স্বগত) সৈরিস্থা আমার হস্তগত হবে না ? নাহবার কারণ তো দেখি না । আমার রূপ আছে, তাতে আবার বয়দ ক্য'স্বাধীন, যা মনে করি তাই করতে পারি। বিরাট রাজার দমুদয় রাজত্ব আমার বল্যেই হয়! তাকি দৈরিদ্ধী শোনেনি ? শুনে থাকবে। যাহউক দৈরিদ্ধ্বীর কি অদৃষ্ট। এখোন যা মনে করিবে তাই হবে, যেহেতুক আমি ওর পদানত হলাম। একবার আরশীতে মুখটা দেখি, গোঁপজাড়টা বাগানো আছে কি না, (গোঁপে তা দেওন।) কৈ এখনো যে এদিগে আসেনা। একবার দেখতে পেলেও যে তাপিত প্রাণ শীতল হয়।

কখন দেখিতে পাব সে বিধু বদন। অধৈর্য্য হয়েছে মন মানে না বারণ ॥ তোমার আশার আশে আছি দাঁডাইয়ে। একবার যাও প্রিয়ে এই দিক দিয়ে । বিরহ বিচ্ছেদ ব্যাধি শরীরে আমার। আগুণ ছুটিছে অঙ্গে শক্তি নাহি আর ॥ আশা মাত্র করিয়াছি নাহিক ভরসা। এখনি যে আমার ঘটিল দশ দশা। ধন্য রে মদন ! তোরে যাই বলিহারি। ভোমার সন্ধান আর সহিতে না পারি॥ চোরা বাণ মারিছ সন্মুখে নহে রণ। দেখিতে না পাই তব আকার কেমন। মেঘনাদ তুল্য করে শুন্যেতে নির্ভর। ব্রহ্ম অস্ত্র মারিতেছ বিরহী উপর॥

(অনতি দূরে সৈরিন্ধ্ীকে নিরীক্ষণ করে)

এই যে প্রিয়তমা গজেন্দ্র গমনে আসছেন, (চারিদিকে দৃষ্টিপাত করে,) এখানে কেহই নাই, উত্তম হয়েছে, আমি অনায়াসেই প্রিয়ার সঙ্গে রগালাপ কর্ত্তে পারব। ভরই বা কারে? যদিই কেহ আসে, সঙ্গেত হারা বারণ কল্যে এদিক দিয়ে যাবে না। এখন কি বলে সন্থোধন করি? প্রথমতঃ বাহুবর বিস্তার করে গমনরাধ করাই যুক্তি।

(**দৈরিস্ট্রার গমন পথে বীরেন্ডের** বাহুদ্বর বিস্তার দেখে।)

সৈরি। আমি মহারাণীর সহচরী আমার সহিত আপনার ব্যাঙ্গ করা উচিত হয় না, আর ষেহেতুক আমি মহারাণীকে মাতৃ সম্বোধন করি, আপনি সে সম্বন্ধে মাতৃল হন।

বীরেন্দ্র।

সুবাদে কি বাধে আর ভুলেছে নয়ন, যম ভুলেছে নয়ন ! কেন আর বল ধনি নিষ্ঠুর বচন, বল নিষ্ঠুর বচন । ধন মান প্রাণ আমি সোঁপেছি তোমায়, আমি সোঁপেছি তোমায় ৷ বাঁচাও আমারে আজ মরি প্রাণ যায়,

ধনি মরি প্রাণ যায়।

বীরেন্দ্র আমার নাম বিদিত সংসার,

আছে রিদিত সংসার।

যার বলে বিরাটের রাজ্য অধিকার,

দেখ রাজ্য অধিকার॥

রূপে গুণে ভুজবলে আমার সমান,

বল আমার সমান,

কে আছে সংসারে ধনি করলো সন্ধান,

তুমি করলো সন্ধান।

প্রদন্ন হয়েছে বিধি তোমারে স্থন্দরী,

আজি তোমারে স্থন্দরী।

আমি হেন জন হবো তব আজ্ঞাকারী,

দেখ তব আজ্ঞাকারী॥

নৈরি। মহাশয় ! আমার গমন পথ অবরোধ কোর-বেন না, আমি আপনাকে নমস্কার করি, অনুগ্রহ কোরে আপনি কিঞ্চিৎ অন্তরে যান । আমার স্বকার্য্য সাধনে বিলম্ব হোলে মহারাণী কুপিতা হোতে পারেন। বীরেন্দ্র। সে ভর তোমার, নাহি ধনি আর,
আমার প্রিরসী হোরে।
তব পদানত, থাকিবে সদত,
বিরাট ভূপতি হোরে॥
রাণী কোন ছার, বনিতা তাহার,
তারে আর ভর নাই।
দাসীম্ব মোচন, করিয়া এখন,
চল গৃহে লোয়ে যাই॥
ধন পরিজন, রজত কাঞ্চন,
যা কিছু আছে আমার।
ভানো ওলো ধনি, সুধাংশু বদনী,
সকলি হোলো তোমার॥

সৈরি। মহাশয়! আপনাকে আমি পুনঃ পুনঃ নিবা-রণ কচ্ছি, আমার প্রতি কামভাবে দৃষ্টিপাত কর-বেন্না।

বীরেন্দ্র । সৈরিদ্ধী তৃমি কি আমার মন পরীকা করবার জন্য বারম্বার ছলনা কোচেছা ? আমি একান্ত
তোমার অধীন হোয়ে পোড়েছি, তৃমি আর আমাকে
পুনঃ২ বজাঘাত তুল্য প্রতিকূল বাক্য বোলোনা,
দেখ আমি একেবারে অধৈর্য হোয়ে পোড়েছি।
সৈরি । আপনি কন্দর্প শরে আহত হোয়ে একেবারে

হিতাহিত আন শৃন্য তাই এই কুৎনিত বাক্য প্রয়োগে লক্ষা বোধ হোছে না—রাণী আমাকৈ অত্যন্ত স্নেহ করেন, আপনি রাণীর সহোদর, এই জন্য আমি কোপ প্রকাশ কচিছ্না, একণে ধৈর্য্য হোয়ে গৃহে গমন করুন, নত্বা আপনার ভয়ন্তর বিপদ হবে।

বীরেন্দ্র। স্ত্রীলোকের কি কঠিন মন! আমি ভোমার

ক্ষন্য প্রাণ পর্যান্ত পণ করতে স্থীকার তথাচ তুমি

ভর দেখাচো, ধিক্ তোমাদের মনকে ধিক্,

সাহিত্য নাটকে স্ত্রীজাতির নির্ত্র ব্যবহারের কথা

বিশেষ রূপে বর্ণিত আছে।

গৈরি। যদ্যপি আপনি শান্ত অধ্যায়ন করে থাকেন '
তাহলে এপ্রকার মন বিকার কি জন্য উপস্থিত
হোয়েছে। পণ্ডিতেরা কি পরস্ত্রীর প্রতি দৃষ্টিপাত
করেন, ভাঁহারা—

পরের রমণী দেখে জননী সমান।
মৃত্তিকা সমান করে পর দ্রব্য জ্ঞান ॥
আপনার মত দেখে সকল সংসার।
ভবে দে বুঝিতে পারি পাণ্ডিতা তাহার॥

বীরেন্দ্র। ও সকল কেবল প্রবৃত্তি মার্গ, ভূমি দ্বীলোক কোমে শাস্ত্রের ভাব কি প্রকারে বৃক্তি পারুবে।

लिय, त्मव त्मव महात्मव खीकृत्यक स्माहिनी मूर्जि দর্শন কোরে তাঁহার পশ্চাৎ ধার্মান হোয়েছিলেন, ইন্দ্র গুরুপত্নী হরণ কোরে ছিলেন, ত্রন্মার আপন কন্যার প্রতি মনন হোয়েছিল।

দৈরি। শান্তকারেরা এসকল দৃষ্টান্ত দারায় লোকের উৎসাহ বৃদ্ধি করেন নাই, পঞ্চ রিপুর মধ্যে কাম রিপু আমাদিগের পরম শত্র তাহাকে যত নিগ্রহ করিতে পারেন ততই মাহাত্মা প্রকাশ পায়। বীরেন্দ্র। দৈরিকী, আমার প্রতি সদয় হও, আমি

ভোমার চরণ ধারণ কচিছ আর আমাকে কট मिख ना।

यन मार्टन नी वांत्रण, अन मार्टन नी वांत्रण, অতনু হানিছে শর, অঙ্গ কাঁপে থর থর,

ভোমাৰিনা নহে নিবারণ। ধনি বাঁচাও আমায়, ধনি বাঁচাও আমায়,

ভূমি হোলে অমুকুল, ঘৃতিবে ছথের শূল, রকা কর অধীন জনায়।

হেরি তোমার বদন, হেরি ভোমার বদন, প্রক্ষুটিত শতদল, বার্কে মাধা পরিমল,

কটাকে মূনির ছোলে মন। बिर्देष्ट (कारता ना वातन, बिर्द्ध कारता ना वातन,

কে হেন পুরুষ ভাছে, বিরহ সন্তাপো বাঁচে। ভোমারে করিলে দরশন।

সৈরি 📂 😁 💮

ৰার বার কত আর করিব বারণ। ভাবে বুঝিয়াছি তোর নিকট মরণ 🖫 কাম ভাবে দৃষ্টি কর আমার উপর। এর অমুচিত ফল পাবে রে বর্ষার 📗 🦯 পঞ্চ গন্ধর্বের পত্নী হই সাধ্যা সজী। আমার সহিত ভুমি ইচ্ছা কর রতি॥ রাণার কারণে তোর হইল নিস্তার। তা নাহলে এখনি হইত প্রতিকার॥ ৰহ্নিতে পড়িতে আস হইয়া প্ৰতঙ্গ। শুগাল হইয়া চাহ ধরিতে মা**ুল।** সম্পদ দেখায়ে চাহ ভুলাইতে মন। অতুল বৈভব মম পতির চরণ॥ সতার ৎসাধা কিছু নাহিক সংসারে। পুণ্য ব ল মরা পতি বাঁচাইতে পারে ! আশীর্কাদ করে হও সাবিত্রী সমান। তার পুণ্যে মরে প্রাণ পায় সভ্যবান

বীরেজ্র। গৈরিজুী, আমার প্রতি কোপ প্রকাশ কোরো না—আমি তোমাকে বিষয় করি, খানি নিতান্ত অবেশ্ব নই যে তোমার কপট কোপ প্রকাশে কৃপিত হব, তুমি বদি আমার মন্তকে পদাযাত কর তথাচ তুই বই ক্লফ হব ন'। আমি বিশেষ কপে অবগত আছি, ত্রীলোকেরা মনগত ভাব গোপন করে নাগরের নিকট এই প্রকার ছল চাত্রী প্রকাশ করে থাকে, বিধাতা বুঝি তোমাদিগের হৃদর পাষাণ হারায় নির্ভ্জনে গড়ে ছিল ? ত্রীলোকেরা কখনই সরলভাব ধারণ করে না শাস্ত্রকারেরা যে, তোমাদিগকে সরলা বলে বর্ণন করেছেন সে তাঁহাদিগের সম্পূর্ণ বুঝবার ভ্রম।

সৈরি। নিতান্তই তোর মৃত্যু নিকটবর্ত্তি হয়েছে, ওরে ছরাত্মা নির্লভ্জ বীরেন্দ্র এসকল সংবাদ আমার পতিদিগের নিকট বিদিত হোলে কোন ক্রমেই তোর নিস্তার হবে না, এখন বল্ছি বদি আপনার মঙ্গল চাস ত স্বস্থানে প্রস্থান

বীরেন্দ্র। সৈরিষ্ধ্রী তোর অনৌকিক রূপ লাবণ্য দর্শনে মোহিত হোয়ে বত বিনয় কছি ততই তোর শঠতা প্রবল হোয়ে উঠেছে, তুই বত সভী তা তি তোর আপন মুধে প্রকাশ হোছেছ।

দৈরি" ভিরে পাপিন্ট নরাধ্য ! কিনে আমাকে ভোর

অসতী বোধ হোচ্চে আমি এখনি তোরে সভিত্ব ধর্মের প্রতাপ দেখাতে পারি।

বীরেন্দ্র। স্থবদনী, বারবার আর সতী বলে পরিচয়

দিও না। যেখানে পঞ্চযামী গ্রহণে লঙ্গা বোধ

হয় নাই যেখানে না হয় আমি "বোঝার উপর
শাকের আটি হলাম, এই রপ গভীত্ব কাছে

শিখেছিলে, ওলো সৈরিন্ধা শাস্ত অনুসারে

তোকে বেশ্যা বলা যায়, লোকে কথায় বলে

শ্যেমন দেবতা তেমনি বাহন। বেছে বেছে

তুই কুরুকুলের গিরিদের কাছে চাকরাণী স্কুটে

ছিলি।

গৈরি। গুরে নর পিচাশ ক্ষত্রিয়কুলাধম, তুই জগত
পূজ্য ক্রক্লের কলঙ্ক করিস। যাঁহাদিগের ভূজবলে ত্রৈলক্ষ্য পরাজিত হয়েছে, মহারাজ মূধিষ্টিরের
রাজস্ম যজে (তুইও তোর অমদাতা ভ্য়ীপতির
সমভিব্যাহারে গিয়ে থাকবি) লক্ষ ভূপতি তাহার
ছত্রতলে দাসত্ব কোরে গিয়েছে, বে কুলে
সত্যবাদী জিতেজীয় মহাত্মা ভীত্ম দেব জন্ম গ্রহণ
করেছেন, তুই পর অদৃষ্ট ভোগী নরাধ্য হোরে
ক্ষেকুলের প্রতি দোষারোপ করিস ?

বৈশ্বি।—স্থনামা প্রথমধন্যঃ পিতৃনামাচ মধ্যমঃ।

অধ্য শশুরনামা শ্যালনামা চ মধ্যম।

অধ্য শশুরনামা শ্যালনামা চ মধ্যম।

অধ্য শশুরনামা শ্যালনামা চ মধ্যম।

অধ্য ভুই দেই অধ্যের অধ্য বিরাট ভূপতির
শালা তোর অন্য কোন পরিচয় নাই। আমি
রাণীর নিমিক্ত তোর বহু অপরাধ মার্জ্জনা করেছি

একণে কুরুকুলের গুরুজনের নিন্দা শুনে অভিশাপ
প্রদান করি প্রাবণ কর, জগতপূজ্য মহাবীর ধনঞ্জমের অগজ কুরুকুল কেশরী মহাবীর ভীম সেনের

হত্তে যেন তোর দর্পচূর্ণ হয়, আর আমি এখানে
থাকর না, নরাধ্যকে দর্শন করাতেও পাপ আছে।

(নৈরিশ্ব্রী ক্রতবেগে রঙ্গভূমি **হইতে** , প্রস্থান)

বীরেন্দ্র। (ফগত) আ মোলো হাদে বেট যা মুখে এল তাই বোলে গেল যে। মদন তোমাকে এক-বার নমকার করি, তুমি বাকে আক্রমণ কর তার পদার্থ রাথনা। তামির সহচরী হোয়ে আমাকে মুখোচিত ভিরক্ষার কোরে গেল, তথাচ আমি আর প্রতি পারিলাম না। তাইকা ভিরক্ষার আমার প্রকে পুরকার হচিছল। তাইকা ভিরক্ষার আমার প্রকে পুরকার হচিছল।

দেখে বে ছিলাম ভাল, এখন কি করি, কোথার যাই, আর এখানে থেকেই বা কি কোর্বো। যাই একবার প্রিয়তম প্রিয়খদের নিকট বাই, তাহার নিকটে মনের ভাব কিয়ৎ পরিমাণে প্রকাশ করি-লেও কিঞ্চিৎ মুস্থ হোতে পারবো। বীরেন্দ্রের প্রস্থান।

(যন্নিকা পতন।)

দ্বিতীয় অঙ্ক। ভূতীয় সংযোগস্থল।

রাজবাটীর পার্শ্ববর্তী উদ্যান। তরলিকা এবং তিলভ্রমার প্রবেশ।

তর। ভাই তিলু! রাণী ষে আজ তাড়াতাড়ি আমা-দের ফুল তুল্তে পাঠীয়ে দিলে !

ভিল। কেমন কোরে জান্বো ভাই, আমরা দাসী ভুকুমের তলে আছি, যা বোল্বে ভাই কোতে হবে।

তর। তাই একটা কথা তেরি কাছে আর[ু]না রোকে। বাক্তে পালেম না, আমার বুকের ভিছুর বেন েবরালে আচ্ড়াচ্চে দেখিস তিলু আমার মাথা থাস, আর কারু কাছে বোলিস্নে!

তিল। আমি এমন মেয়ে নই, যে পেটের কথা প্রকাশ হবে- তুই সচ্ছদ্দে বল তার ভঃ নাই।

তর। ভাই কাল বিকেল বেলায় দৈরিজ্বী, ওবাড়ীর কর্ত্তায় দঙ্গে কত কথাই কচ্ছিল। একএক বার হেঁদে গড়িয়ে পোড়তে লাগ্লো, রাণীরতো ওকে শতী বলে মুখে লাল পড়ে। হাঁ ভাই! যে সতী হয়, দেকি পুরুষের দঙ্গে অমন কোরে হাঁদে।

তিল। ওলো থাম্লো থাম ?

" বলে মোরবে মেয়ে উড়বে ছাই। তবে মেয়ের কলম্ব নাই॥"

সৈরিশ্বীর সভীপনা আমি অনেক দিন টের পেয়েছি।

তর। ভাই তোদের মতন আমি সেয়ান শট নই, অত বুঝ্তে পারিনে, সৈরিজ্বী কি কর্তার সঙ্গে বাকি— ওমা আমি কোথায় যাব! ওমা আমি কোথায় যাব!

ভিল। মরণ আর কি, শুছুকি কর্তার সঙ্গে— ভার। আবার কার সঙ্গে লো ? হেঁনে যে আর বাঁচিনে।

- তিলো। বলিদ্নে যেন, ও তো অনেক দিন অৰধি আমাদের রাঁচুনী বামুন বলভ ঠাকুরের সঙ্গে আছে।
- তর। হাঁ হাঁ ঠিক কথা, তারি জন্যে বল্লভ ঠাকুরকে দেখলৈ অমনি হেঁসে গড়িয়ে পড়ে। হাঁালা কর্তার সঙ্গে জোট্পাট হলো কেমন কোরে? ওবাড়ীর কর্ত্তা বড় একটা এখানে আসে না!
- তিলো। আলো আমার নেকি ! উনি ঝিকুকে কোরে ছুধ খান, ভাজা মাছটা উল টে খেতে জানেন না। এই গাবাগাবি বাড়ীর ভিতর দশদিন হচ্চে, তুই কিছুই শুনিস্নে ?
- তর। তোর মাথা খাই দিদি! আমি কিছুই জানিনে।
 তিলো। ওবাড়ীর মনোরমা যে মাঝে কুটনী হয়েছে।
 ছোট কর্ত্তা বোলেছে তারে এক গাছা হীরের হার
 দেবে।
- তর। তাই দিবারাত্রি আসা যাওরা করে বটে ? এর ভিতর অ্যাত আছে, তা দিদি কেমন কোরে জান্বো।
- তিলো। মনোরমা তো হীরের হার পাবে বোলে আফ্রাদে ফেটে মোচে।
- তর। কপালে আ**গুণ অমন** হারের, ঝগ্ড়া হোলে (৫)

"কুটনী" বোলে থোঁটা দেবে, তার কোত্তে গলার দড়ি দিয়ে মরা ভাল ৷

তিলো। ওলো, এর ভেতরে রাণীও আছে। তর। বলিস কি লো! রাণীও জানে ? তিলো। বাণী না জন্মলে মনোব্যাব সাচি কি ও

তিলো। রাণী না জান্লে মনোরমার গান্দি কি যে এ কর্ম্মে হাত দেয়।

তর। ঠিক বোলেচিদ, রাণী এর ভিতর আছে বৈকি
কিন্তু এ কাজটী ভাই ভাল হোলো না। রাণীকে
এর পর অনেক ভোগ ভুগতে হবে, ওবাড়ির
মাঠাক্রণতো খরতরাবিষ হরা। স্মৃত্তেই রক্ষা
নাই, নন্দে ভেজে তো ভাব বড়। বলে " অ্যাকে
মোনদা তার ধুনোর গন্ধ" একথা শুনতে পোলে
রাণীর ভাতার পুত কেটে বিচ্কে বেগুণ
রাখবে না।

তিলো। বেশ বলেছিস, মাগী যেন রায়বাছিনী।
ভবাড়ীর কর্ত্তাকে দেথে মাথায় কাপড়টাও দেয় না,
মাগী জেয়ান্ত মাছে পোকা পাড়াতে পারে নগিগ্রীকে ত্রধের মাছি কোরে রেখেছে।

তর। কেন ? নগিলীর সঙ্গে কি বড় বোঠাক্রণের বনে না ?

তিলো। তাকি আর জানিস নে, বড় সাগীর কোঁদোলের

জালায় বাড়ী শুদ্ধ লোকটা ভাজা ভাজা হোয়েছে। এক এক দিন বাড়ীতে যেন কাগ চিল পড়ে।

তর। বলে "কাজে কুড়ে, ভোজনে দেড়ে; বচনে মাবে পুড়িয়ে পুডিয়ে।"

মনে আছে তো, বোঠাক্রুণের কাদার দিন কি কারখানাটা কোলে, শেষবেলা আবার খেতে বদেন না, রাণী কত গেদে পেড়ে তবে খাওয়ালে। খুদ মাখার দিন আমাদের রাজবুমারী একটু চুনহলুদ দিয়ে ছিল, তাকে বোলে বাকি, না বোলে বাকি, "বলে যেমন মন তেননি ধন, তারি জন্যে চির-কাল বাঁজা হোরে রইলেন।

তিলো। এতেই কেটে মরে এর উপর আবার ব্যাচা হোলে কি ভেজেরা হল জল পাবে ?

তর। ইগালো মেজো ঠাক্রন্না কি পোরাতি ? তিলো। শুন্চি তো—

তর। আহা হোক্, মেজো মার মত মেয়েও বাড়ীতে আর নেই। আমার মায়ের নামে তাঁর নাম বোলে অমি মেজো মাকে মা বোলেচি।

তিলো। তুই মেজো গিনীকে মাবলিস্! তাই সেদিন আমাকে দিজ্ঞানা কোচ্ছিল, যে "তর্লিকাকে আমার কাছে একবার পাঠিয়ে দিস্তোগা" আমি বোলতে ভূলে গেছ্লেম, তুই আজ একবার যাস্।

তর। তা যাবো এখন।

তিলো। দেখো, যেন কথার পিটে কোন কথা বোলে ফেলো না, তা হোলে আমার আর নাক চুল ধাকবে না। কাজ কি আমাদের কোন কথায়, যথন হবে, তথন দশে ধর্মে দেখ্বে।

তর। ভাই সৈরিদ্ধীর কি কপাল, ছিল দাসী, হলো রাজমহিনী।

তিলো। ওলো। আর বাড়া কথার কাব্দ নেই। কে কোথা থেকে শুন্বে, শুনে কত ফুল ফোটাবে, আমাদের বাড়ীর ঠাক্রণদের পায়ে কোটা কোটা নযস্কার, আয় এখন বাড়ীর ভিতর বাই চল।

উভয়ের প্রস্থান।

(যবনিকা পতন ।)

ভূতীয় অঙ্ক। প্রথম সংযোগস্থল।

(বীরেন্দ্রের বিলাসগৃহে উপবেশন)

বীরেক্র।—

রাগিনী বসস্তবাহার,—তাল মধ্যমান। এ বিরহে, বাঁচি কি না বাঁচি প্রাণে, সৈরিন্ধী বিহনে কে আর জল দেবে এ আগুণে। হুত্ব করে মন, পোড়ে বোন তো যেমন, জল্ছে রাবণের চিতে হয় না নিবারণ, এ শরীর নহে স্থির অস্থির হতেছে মদন বাণে। আহা! দৈরিন্ধা়! বিধাতা তোমাকে কি অলোকিক রূপলাবন্যই দিয়েছে। তোমার সহিত সহবাস স্থাখে বঞ্চিত হোয়ে আর কতকাল এ বিরহ যন্ত্রণা ভোগ করিব। বিরহ বহ্নিতে আমি প্রাণপণে ধৈষ্য সলিল সিঞ্চন কোচিছ, কিন্তু কন্দর্প পুনঃ পুনঃ আত্তি দিয়ে সহত্র গুণে প্রবল কোরে তুলছে। আমার প্রিয়তম প্রিয়ম্বদকে ডেকে আনাই—

[নেপথ্যে পায়ের শব্দ।]

—পায়ের শব্দ হোচেছ ! বুঝি প্রিয় বয়স্য আসছেন।
(প্রিয়য়নের প্রবেশ)

প্রিয়। প্রিয়তম ! একাকী নির্জ্জনে বোসে কি চিন্তা কোছে। ? তোমার বদন মলিন হোয়ে গিয়েছে, নয়নয়ুগলে বারি আশ্রুয় কোরেছে, ঘন ঘন দীর্ঘ নিশ্বাদ পরিত্যাগ কোছে।, তোমার বাহাভাব দর্শনে আমার মনে নানা আশঙ্কা উপস্থিত হোছে। আমার কাছে তোমার কিছুই অপ্রকাশ নাই; তবে কি নিমিত্ত মৌনাবলম্বন কোরে আছো, কোন উত্তর প্রদান কোছে। না।

वीदब्रख ।---

যে বিষম ব্যাধি আনি ঘিরেছে আমারে।
তোমাকে না বলিয়া, বলিব আর কারে॥
জলে গেলে গাত্র জালা নহে নিবারণ।
বল দেখি ওহে সখা! এ ব্যাধি কেমন॥
চঞ্চল হোয়েছে মন বারণ না মানে!
ইচ্ছা হয় থাকি গিয়ে নির্জ্জন কাননে॥
রক্তনীতে শয়া হয় জ্লস্ত আগুণ।
তাহাতে সমস্ত নিশি পড়ে হই খুন॥

প্রিয়। প্রিয়তম! বল দেখি, তুমিত কন্দর্প পীড়ায়
পীড়িত হও নাই ? আমার অমুভব হোচ্ছে কোন
কামিনীর অলোকিক রূপলাবণ্য দর্শনে মোহিত
হোয়ে একেবারে উন্মাদ দশা উপস্থিত হোয়েছে।
কামিনীগণের নয়নকটাক্ষশর কালকুট অপেকাও
কটু, সেই বিষাক্ত শর হৃদয়ে বিদ্ধ হোলে কাহার
না গাত্রদাহ উপস্থিত হয়, কিস্তু তুমি একেবারে
অক্টম দশায় পদার্পণ কোরেছ, এই নিমিত্ত আশায়
অত্যন্ত আশক্ষা হোচেছ।

বীরেন্দ্র। প্রিয়তম ! যথার্থ অনুভব কোরেছ, এক্ষণে যাহাতে আমি এই চুঃদহ বিরহ জ্বালায় নিস্তার পাই তাহার চেক্টা কর, নতুবা আমার দশম দশা উপস্থিত হবার আর কাল বিলম্ব নাই।

প্রিয়। সথে ! একেবারে এত উতলা হোয়োনা, থৈর্যাব-লন্দন কোরে আমার নিকট সমস্ত বর্ণন কর, তোমাকে স্বস্থ করিতে প্রাণ পর্যান্ত পণ করিব।

বীরেন্দ্র। প্রিয়তম ! পূর্ব্বে প্রাবণ কোরে থাকবে পাণ্ড-বের প্রিয়তমা পাঞালীর প্রিয় সহচরী সৈরিন্ধী এসে আমার ভগ্নীর নিচ্চ আশ্রায় লোয়েছে, তাহার ন্যায় সর্বাঙ্গ স্থানরী কামিনী কখন আমার দৃষ্টি পথে পতিত হয় নাই। সেই ত্রিভুবন স্থানরীকে দর্শনাবধি আমার এই কন্দর্প বিকার উপস্থিত হোরেছে।

প্রিয়। সংখ ! প্রণয় অমূল্য নিধি, এজগতে যথার্থ
প্রণয় সংঘটন হওয়া সুকঠিন। পরকীয় রসাস্থাদে
পুরুষ মাত্রেই ব্যগ্র, কিন্তু পরস্ত্রীর প্রতি কটাক্ষ
করা সর্ব্বনাশের মূল। দেখ দৈত্যকুল চূড়ামণি
শস্তু নিশুন্ত মহাকাল হৃদয়বাদিনী কাল কামিনীয়
সহিত প্রণয় আকাক্ষা কোরে স্ববংশে শমন ভবনে
আতিথ্য স্বীকায় করে। তুর্ব্ভি দশ স্কন্ধ, জনকনন্দিনী সীতার নিমিত্ত রাক্ষ্ম কুলান্তক রামচন্দ্রের
হন্তে সমূলে নির্মাণুল হয়। অতএব স্থা! পরকীয়
রসাস্থাদে এ প্রকার ব্যগ্র হওয়া কোনক্রমে যুক্তিযুক্ত নহে।

বীরেন্দ্র। সংখ! একেবারে আমাকে অবোধ জ্ঞান কোরোনা, কি করি মন যে প্রবোধ মানে না।

প্রিয়। যে রমণীর জন্য তোমার মন প্রাণ ব্যাকুল হোরেছে, তাহার মনগত ভাব জেনেছ ? উভয়ের আকিঞ্চন ভিন্ন প্রণয় হয় না। পুরাণ পাঠে জানিতে পারা যায়, ভীমদেন ছহিতা দময়ন্তী লোক মুথে পুণ্যশ্লোক নলরাজার রূপ গুণের পরিচয় শ্রবণে মনে মনে তাহার গলগেশে বরমাল্য প্রদান

কোরেছিলেন। সেই জন্য সমুসর সভায় দেবগণকে অগ্রাহ্য কোরে নৈষধাধিপতিকে বরণ করেন : ভীষ্মক-বালা রুক্রিণী ঞ্রিকুষ্ণের প্রতি মন প্রাণ অর্পণ কোরে বিবাহ বাসরে আপন পুরোহিত দ্বারা ঞীকৃষ্ণকে স'বাদ পাঠান। রমানাথ সেই সাক্ষেতিক লিপি পাঠে রথারোহণে শুন্যমার্গে উপস্থিত হোয়ে প্রাণ-প্রিয়া রুক্রিণীকে হরণ করিয়া লন। কৃষ্ণ সহোদরা সুভদ্রা বলরাদের অনভিমতে ইন্দ্রস্তুত শ্বেতবাহনকে তাহার যৌবন রথের সার্থ্য পদে অভিবিক্ত করেন। এ প্রকার অনেক প্রমাণ পুরাণাদি শাস্ত্র হইতে প্রাপ্ত হোতে পারা যায়। পূর্ব্বোক্ত কামিনীগণ অকৃত্রিম ভক্তি দহকারে প্রণয় করিত, ভুমি যাহার জন্য একেবারে নবম দশায় উপস্থিত হোয়েছ অগ্রে তাহার মন জান ?

বীরে। সংধা তুমি যে সকল যোষাগণের পরিচর দিলে, তাহারা কুল কামিনী। সৈরিলুী সে একার ফীলোক নয়, ইহাকে ধন ছারার অনায়াসে বশ করিতে পারিব।

প্রিয় । যে রমণী ধন লোভে পর পুরুষের করে আজু-সমর্পণ করে ধর্মশাক্রামুসারে তাহাকে বেশ্যা বলিতে পারা যায়। বীরে। দৈরিক্ষ্ ীকে ভুমি কি বিবেচনা কর ?

প্রিয়। প্রিয়তম ! তুমি বিরাট ভূপতির দেনাপতি।
তোমার ভূজবলে বিরাট রাজলক্ষী অচলা হইয়া
আছেন। তোমার ভয়ে কুরুবংশাবতংশ মহামানী ছুর্যোধন আমাদিগের রাজ্যের দীমাপবর্তী
হন না, সংখ তোমার নাায় বীর্যাবান ব্যক্তির
বেশ্যার চাতুরি জালে আবদ্ধ হওয়া কোন ক্রমেই
যুক্তি যুক্ত নয়। বেশ্যাসক্ত ব্যক্তিরা একেবারে অপদার্থ হয়ে যায়। প্রিয়তম ! আমি তোমাকে বলিতে
পারি বলিয়াই বলিতেছি, ইহাতে আমার প্রতি
কোপ প্রকাশ কোরো না। আমি তোমার নিতান্ত
মঙ্গলাকাজ্জী।

বীরে। প্রিয়তম । তুমি আমার ক্ষত শরীর কি নিমিত্ত লবণাক্ত করিতেছ, তোমার যে সুমধুর বাক্য প্রবণে আমার কর্ণ কুহর পরিতৃপ্ত হোতো। অদ্য তোমার দেই মধুমাখা কথা আমার পক্ষে বিষাক্ত শরের ন্যায় বোধ হচ্ছে।

প্রিয়। এ কিছু আশ্চর্যোর বিষয় নয়, এইক্ষণে উপ-স্থিত কার্যো যে প্রতিকূল হবে, তাহার প্রতি বৈরক্তিভাব প্রকাশ করিবে সন্দেহ নাই। সথে! আমি জেনে শুনেই তোমার তিরক্ষারের ভাজন হচ্ছি। তুমি আমার প্রাণ অপেক্ষাও প্রির পাতা।
তুমি যাহাতে এ পদবীতে পদার্পণ করিতে ক্ষান্ত
হও, সে বিষয়ে আমি সাধ্যানুসারে যত্ন না করিলে
ধর্ম্ম বিরদ্ধ কার্য্য করা হয়। আমাকে এইক্ষণে যথোচিত তিরক্ষার করিলেও রাগ প্রকাশ করিব না।

(চোপদারের প্রবেশ।)

চোপ। মহারাজ! ছেলাম পহঁছে। বীরে। খবর কহ।

চোপ। মহারাজ ! একঠো বুড্চা বামুন দেউড়ি পর খাড়া হায়, আউর বোল্তা হায় আব্কা সাভ মুলাকাত করেগা।

বীরে। ভিতর আনে কহ।

(চোপদারের প্রস্থান।)

(কিঞ্চিৎ বিলম্বে গণৎকারের প্রবেশ।)

গণ। কাগক্ড, কা্ডু কাগে তালি কাগে নাচেন বন-মালি। আদিত্যাদি পঞ্মং দৃষ্টি, এবাড়ীতে একটা জীবের চিন্তা হচ্ছে। দেখ দেখি কাগা হবে কি না হবে, উৰ্দ্ধৃষ্টি কোরে, কা, কা, কা,

> মরার মুতে দিয়ে পা। সদা ডাকছেন কেলে মা।

পায়ে দিয়ে ছুর্ববাধান। মনের কথা গুণে আন॥

প্রির। ওহে ! ভূমি গুণতে পার ? গণ। মহাশয় আপনি বিজ্ঞাপ কচ্ছেন নাকি ?

গীত।

সামান্য নয় আমার গণনা এতে চুন পুঁটি এড়ার না।— যদি থড়ি পেতে গুণ্তে করি মন, ভবে মর্ভে বদে বলতে পারি ইক্র রাজার ধন, আমি গলার বানি গুণতে পারি তাহাতে ভুল হবে না।

প্রিত। তবে তোমার গণনার বিশেষ ক্ষমতা আছে ? গণ। মুখে আর কি বোলবো, কাজে দেখুন। প্রিয়া (বীরেন্দ্রের সহিত প্রামর্শ করে) বলো দেখি

গণ। দেখ দেখি কাগা, দেখতো কি হারিয়েছে।
(দৈ ছিটি কোরে) হাঁ ধাতু ধাতু—ধাতু না কোন
জীবের চিন্তা। তানয় তানয় ধাতুই বটে, মহাশয়
কাগা বসছে, আপনার যা হারিয়েচে তা পাবেন।

প্রিয়। কোথায় পাব?

আমার কি হারিয়েছে?

গণ। কাগা বলছে কোথায় পাবেন, কোথায় পাবেন (ই দ্বৃষ্টি কোরে) দক্ষিণ দারি ঘরের চালের বাতার গোঁজা আছে।

(বীরেন্দ্র এবং গ্রিয়ন্থদ উভয়ের হাস্য)

- প্রির। মহাণয় ! আপনার গণনা বিষয়ে অভ্তুত ক্ষমতা আছে, আপেনি যথার্থ বলেছেন। আমি মুগয়া কর্ত্তে গমন কোরে একটা ঘোড়া হারিয়ে এসেছি-লাম তা উত্তম হয়েছে, ঘোড়াটা চালের বাতায় পোঁজা আছে।
- গণ। মহাশর আমার গণনার সমর আছে, সকল সময়ে সকল প্রকার গণনা ঠিক হয় না।
- বীরে। ঠাকুর। আনি কি মনে করেছি বলো দেখি ? গণ। একটা ফুলের নাম করুন দেখি ? বীরে। মালতী ফুল।
- গণ। মা-ল-তি। চাঁদের পৃষ্ঠে দিয়ে যান, মনের কথা গুনে আন। (উদ্ধৃষ্ঠি কোরে) বলত—হয়েছে, আপনার কন্যার চিন্তা কক্ষেন।
- বীরে। (ফগত) তোমার কপালে আগুন, (প্রকাশ্যে) বোঝা গেছে এখন প্রস্থান করুন।
- গণ। মহাশয় ! অনেক মেহনত করেছি কিঞ্ছিৎ পারি-তোষিক।
- প্রিয় (সহাস্য বদনে) আপনার যে গুণ ইহার প্রতিভাষিক অন্ধচন্দ্র।

বীরেক্সবিনাশ নাটক

গণ। মহাশর পূরে। পূরি করে দেবেন।
বীরে। বাও ঠাকুর যাও আর বিরক্ত করো না।
চোপদার (চোপদারের প্রবেশ।)

চোপ। মহারাজ! বন্দা হাজির হেয়।

বীরে। এই বামুন ঠাকুরকো কুচ**্**দেকে বাহার কর্দেও।

চোপ। আও ঠাকুর হামারা সাত্ আও।

বীরে। প্রিয়তম! আমার দক্ষিণ অঙ্গ নৃত্য ফচের্চি।

প্রিয়। অমুভব হচ্চে কোন অমূল্য নিধি হস্তগত হবে।
কারণ দক্ষিণ অঙ্গ নৃত্য করা পুরুষের পক্ষে অত্যন্ত
শুভকর। (স্বগত) প্রিয়তমের গৈবিন্ধা লাভে
যে প্রকার আগ্রহ দেখিতেছি, ইহাতে পুনঃ পুনঃ
প্রতিকূলতাচরণ করা যুক্তি যুক্ত নয়; কারণ তাহা
হইলে বন্ধু বিচ্ছেদের বিলক্ষণ সম্ভাবনা। কোন
প্রকার ছলনা ক'রে এস্থান হইতে প্রস্থান করি।
(প্রকাশ্যে) সথে! এক্ষণে আমাদিণের স্নানাদির সময় উপস্থিত।

বীরে। হাঁ বেলা অধিক হয়েছে, তুমি গৃহে গমন কর. স্থান ভোজনান্তে আমার সহিত একবার সাক্ষাৎ কতে হবে; বিশেষ প্রয়োজন আছে। প্রিয়। অবশ্য, আমি দল্ধার পূর্বেই তোমার সহিত পুনরায় সাক্ষাৎ করিব।

(প্রিয়ম্বদের প্রস্থান।)

ৰীরে। (স্বগত) এক্ষণে কি করি?—উপায় কি? প্রিয়ন্থদের দারা এবিষয়ের কিছুমাত্র উপ**কারের** সম্ভাবনা নাই। সংগ এবিষয়ে অত্যন্ত অমভিজ্ঞ। লোকে কথায় বলে—"যে আছাও না খেয়েছে সে আভাতের সোৱাদ জানে না ।" এ বিষয়টা তাহার কাছে অপ্রকাশ রাখাই উচিত ছিল, বন্ধু মনে মনে আমাকে অশ্রনা করিলেও করিতে পারেন। উপ-যুক্ত দৃতী ব্যতিরেকে এ সকল কার্য্য স্থ্যস্পান হয় না; স্ত্রালোকেরা স্ত্রীলোকের নিকটেই মনোগত ভাব প্রকাশ করে। যেখানে দৃতীদ্বারা **অসম্ভাবিত** কার্য্য সকল সম্পান হবার সম্ভাবনা, সেখানে দৈরিন্ধ<u>ী</u>কে হস্তগত করার বিষয়ে উপেক্ষা করা নিষ্পারোজন। মনোর্যা একজন উপযুক্ত দৃতী। পারিতোবিকের প্রত্যাশায় যে সাধ্যাত্মারে চেন্টার ত্রটী করিবে না। সে আমার সহিত **দাকা**ৎ করিতেছে না কেন? শাস্ত্রে বলে—"বিলম্বে কার্য্য সিন্ধি,, বোধ হয় অ শার সুশার করে আমার নিকট উপস্থিত হ'বে।

(অনতিদূরে মনোরমাকে দর্শন ক'রে)

এই যে, মনোরমা আন্চে—হাস্যবদনে—কার্য্য দিদ্ধি

হয়েছে।

(মনোরমার প্রবেশ)

মনো। কর্তা মহাশয় ! দগুবত হইগো।

বীরে। সুথে থাক। এখন থবর কি বল্, হাঁস্তে হাঁস্তে তো আশ্চিস্।

খনো। থবর আবার কি—যে করে তার মন নরম করেছি, তা আমি জানি আর আমার ধর্ম জানে। বীরে। এত বিলম্ব হলো কেন !

যনো। বিলম্ব হ'লো কেন—তার সঙ্গে কথা ক'বার যো আছে ? আমি কত ফিকির করে বাইরে ডেকে এনে তবে বল্লেম। আনাকে আবার ওবাড়ীর দাসীরা কত ঠাটা কল্লে।

বীরে। তা করগ— তাদের কথার তোর ভয় কি।
মনো। মদি বড়ু মা— ঠাকুরুণ শোনেন ?

বীরে। সে জন্য তুই কিছুমাত্র ভাবনা করিস্ না। যদি নৈরিন্ধ্রীকে আমার হস্তগত করে দিতে পারিস্ তাহলে তোকে আর কাজ করে থেতে হবে না। এখন কি কথা হলো বল ?

মনে। আমি তাকে চোক টিপে বাগান বাড়ীতে

ভৈকে গেলেম। তার পর আমরা মেয়ে মামুরে
যে রকম পাঁচটা কথা কই, খানিক সেই রকম করে
কথার পিটে বলে কেল্লেম—"ভাই সৈরিদ্ধী।
আমাদের কর্ত্তা মহাশয় তোকে যেন সোনার চক্ষে
দেখেছে।"

বীরে। এ কথা শুনে সেরাগ কলে না !
মনো। রাগ কর্বে! হ'রে কেন মলেম না।
বীরে। মনোরমা ভুই এই পাঁচটা মোহর নে, খানেক
কোকে এলি।

মনো! তাইতো—আমার এতে কাজ নাই।
বীরে। রাগ করিদ কেন? মনো! তুই এরপর বা চাবি
তাই দেব। এখন তার পর কি কথাটী হলো শুনি।
মনো। আমি এই কথা বল্তে অমনি হেঁদে গড়িয়ে
পড়লো. হাঁদি দেখে আবার বল্লেম—ভাই আজ
কিন্তু আমার দঙ্গে যেতে হবে। শুনে চোক টিপে
বল্লে ''চুপ কর, গোল করে মরিদ্ কেন।,, এতে
আর বাঁকি রইলো কি?

বিরে। মনোরমা! তোর কথা আমার বিশ্বাস হচ্ছে না।
মনো। কেন ?
বিরে। তবে বল্বো—রাগ কর্বিনেতো ?
মনো। আমি গাবার রাগ করবো কিসে।

(9)

ৰীরে। তোর আস্বার এক্টু আগে আমি একবার সৈরিশ্বীর কাছে গিয়েছিলেম।

মনো। সব মাটি করে এয়েচো দেখ্চি।

বীরে। আমি ছটো একটা তামাসার কথা কইতে একেবারে রেগে উঠে আমাকে গালাগাল দিতে আরম্ভ কল্লে, আমি তাই শুনে একছুটে বাড়ী চলে এয়েচি।

মনো। আ আমার কপাল ! তুমি তাড়াতাড়ি ছুটে
গিয়েছিলৈ কেন ? মেয়ে মানুষে কি পুরুষের কাছে
হঠাৎ কোন বিষয় স্বীকার পায়, বুক ফেটে মরেতো
মুধ ফুটে বলে না।

বীরে। মনোরমা। আমি তার রাগ দেখে একেবারে—
মনো। আর বলতে হবে না—একাজ যে করেচে
তাকেই শোভা পায়—আমি আর বেহায়া হয়ে
কত বলুবো।

্ষীরে। কি কি বলনা শুনি।

মনো। হাঁসিও পায় ছঃখও ধরে, সেয়ানা পুরুষে কি ধমকে ভরায় ? তারা ঠারে ঠোরে সব বুঝ্তে পারে। বিরে। কি করে বুঝ্তে পারে ? মনো। তা আবার ভেঙে চুরে বলে দিতে হবে না কি ? বীরে। হবে না ? মনো। ওগো কর্তা। মেয়ে মামুষের যদি পর পুরুবের উপর মন পড়ে, তাহলে চলে বেতে যেতে
পোচোন ফিরে চায়, তার সুমুখে মুরে বেড়ায়,
চকোচকি হলে ঘাড় হেঁট করে, পায়ের আঙ্গুল
দিয়ে মাটি খোঁড়ে, একটা ছেলে কোলে পেলে
তার উপর দিয়ে নানা রকমের কথা কয়।

বীরে। মনোরমা! ভুই আমাকে বাঁচালি।
মনো। কর্ত্তা! আমার বড় ভেয়ের বিয়ে হবে।
বীরে। দশ দিন আগে আমাকে বলিস্, তার ভাবনা কি!
মনো। আপনি অত উতলা হ'য়ো না, তা হলে দশ
জনে টের পাবে। বিকাল ব্যালা সৈরিন্ধ্বীকে
আমাদের বাড়ীতে ডেকে পাঠাও—ডাকলেই সে
আসবে।

বীরে। দেই ভাল, কিন্তু এনে বদাব কোথায় ? মনো। দে ভার আমার রইল।

বীরে। তবে এখন তুই বাড়ীর ভেতর যা, আর গোল-মালে কাজ নাই।

মনো। তুমি যেন আবার ওবাড়ীতে ছুটোনা, তাহলে সব নক্ট হবে, নেরু কচ্লাতে কচ্লাতে তেঁতো হ'য়ে যায়।

(মনোরমার প্রস্থান।)

বীরে। (স্থগত) মনোরমার মত দূতী এ সহরে খুব্দে পাওয়া ভার। ওনা হলে সৈরিস্থাকৈ হাতে আন্তে পাত্তেম না—এখন বলা যায় না, না পেলে বিশ্বাস নাই—সহব্দে না হয় শেষবেলা জোর—শর্মা ছাড়বার পাত্র নন। একি! মধ্যাক্ষ কালীন নহ-বত বাজ্জে, এত বেলা হ'য়ে গেছে—কিছু টের পাইনি। যাই স্লান করিগে।

(প্রস্থান)

ষবনিক। পতন।

চতুর্থার। প্রথম সংযোগস্থল।

রাণী বিলাদ গৃহে উপবিফা।

রাণী। (বংগত) মনোরমা যা বলে গেল এর
একটা কথা মিথা নয়। বীরেন্দ্র একেবারে
উদ্মাদ হ'রে উঠেছে। কি করি—ধর্ম রাধ্তে
গেলে ভাই যায়। সৈরিজ্বী সহজে যাবে না—
একটা ছল করে পাঠাই। (প্রকাশ্যে) তিলোত্তমা
(উক্তৈঃস্বরে) তিলোত্তমা আ—আ—।

(তিলোক্তমার দ্রুত পদে রঙ্গভূমিতে প্রবেশ।)

তিলো। মালক্ষী । আমাকে ডাক্চেন ?

রাণী। তোরা কোথা থাকিদ গাং ডাক্লে উত্তর পাওয়া যায় না—যা নেখি, একবার দৈরিস্থূীকে ডেকে আন্।

তিলো। যাই মা যাই।

(প্রস্থান)

রাণী। (স্বগত) কি ছল করে এখন পাঠাই, একটা— (সৈরিস্থাীকে লইয়া তিলোত্তমার রঙ্গভূমিতে পুনঃপ্রবেশ।)

রাণী। তিলু তুই তবে এখন যা, আমাদের একটা বিশেষ কথা আছে।

তিলো। (স্বগত) বাপরে বাপ। কি সোনার চক্ষেই সৈরিস্থাীকে দেখেছে, আমরা থাক্লে কোন কথা হয় না!

(প্রস্থান।)

দৈরি। মাডঃ। আর্মাকে কি নিমিত্ত আহ্বান করে-কেন ?

রাণী। দৈরিষ্ক্রী! আমার অত্যন্ত পিপানা হয়েছে, কণ্ঠতালু একেবারে শুক্ষ হরে যাচে।

সৈরি। শীউল জল এনে দিব কি ?

- রাণী। পুনঃ পুনঃ জল পান করেছি কিন্তু তাহাতে
 পিপানার সমতা হলোনা। তুমি এই স্বর্ণপাত্তী
 লয়ে বীরেন্দ্রের বাড়ী থেকে একটু স্থরা আন দেখি,
 স্থরা পান ব্যতিরেকে এ পিপানার সমতা হবে না।
- দৈরি। মাতঃ ! আমি আপনার আজ্ঞানুবর্তিনী, যা বলবেন তাই কর্ত্তে হবে, কিন্তু স্মরণ করুন, পৃর্বেব প্রতিজ্ঞা করেছেন "পরপুরুষের নিকট আমাকে পাঠিয়ে দেবেন না।"
- রাণী। দৈরিষ্ট্র ! এ তোমার অত্যন্ত অন্যায় কথা,
 আমি পিপাদার কাতর হয়ে সুরা আন্তে পাঠাচিছ,
 এ দময় পূর্ব প্রতিজ্ঞা স্বরণ করিয়া দেওয়া উচিত
 নয়।
- নৈরি। জননি ! আমি কখন আপনার আজ্ঞা প্রতিপালনে বিমুখা হই নাই। ইহা অপেক্ষা কোন গুরুতর কার্য্যে নিযুক্ত করুন, আপনার সহোদরের বাটীতে আমি কে.ন ক্রমে যেতে পার্ফোনা।
- রাণী। সৈরিজা ! এ তোমার অত্যন্ত অন্যায় কথা।
 অকারণ আমার সহোদরের নিন্দা ক রোনা। তুমি
 বিদ ইচছা পূর্বক সুরা আন্তে না যাও, তাহা
 হলে আমার নিকট থাক্তে পাবে না।

দৈরি। (সজলনয়নে) আপনার আর অধিক তিরস্কার কর্ত্তে হবে না। আমি যাচ্ছি—কিন্তু মনে রাখ্বেন এর পর আক্ষেপ কর্ত্তে হবে।

রাণী। সে যা হয় হবে, এখন যাও, শীস্ত্র যাও বিলম্ম কোরো না।

(প্রস্থান 1)

সৈরি। (উদ্ধদুষ্টে এবং কর্ষোড়ে।) কোথা হে পাণ্ডব দথা দুর্জ্জনের অরি। বিপদে পড়েছি আজ রক্ষা কর হরি॥ সভায় রেখেছ লজ্জা, লজ্জা নিবারণ। বিরাট ভবনে এসে দেহ দরশন।। একবার দেখ এসে ওছে দয়াময়। কি ভাবে রয়েছে তব স্থা ধনপ্রয় । যে করে গাণ্ডীব ধনু ধরিত কান্ত্র শী। সেই করে শাঁখা খাড়ু বা**জিতেছে শুনি ॥** মস্তকে বাঁধিয়া বেণী পরে আভরণ। নপুংসক বেশে তোষে উত্তরার মন । রন্ধন শালায় বদ্ধ ভীম মহাশুর। যার দর্পে স্বর্গ মত্য কাঁপে তিনপুর ॥ অশ্বশালে সহদেব শীর্ণ কলেবর। নকুল গোকুল পালে, গোকুল ঈশার !

ধর্মরাজ হয়েছেন বিরাটের দাস। এইরপে প্রায় গত হ'লো বার মান। নানা কটে অজ্ঞাতে রয়েছি ছয়জন। হাদ-পান্মে ভেবে তব অভয় চরণ II হঠাৎ হইল নাথ, একি সর্বাশ। অবিদ্যা করিতে চায় বিরাটের দাস ॥ প্রদেশে, ছন্ম-বেশে বদ্ধ স্বামীগণ; শত্ৰু ভয়ে প্ৰকাশ না হইবে এখন 🛭 পিতা আছে, ভ্রাতা আছে, আছে স্বামীগণ। ত্রৈলক্য বিজয়ী তার এক এক জন॥ यम अग्रस्त काटन वीदतत्व प्रच्छन। না পারিল নোয়াতে পিতার শরাসন ॥ এখন তাঁহার ভয়ে কম্পিত শরীর। ি কি করিব, কোথা যাব, বল যতুবীর॥ স্বঘনে ডাকিছে তব প্রিয় সহচরী। রক্ষহে পুগুরীকাক্ষ বিপক্ষের অরি॥ পাওবের বল বুদ্ধি, ভূমি নারায়ণ। বিপদে ওপদে করি এই নিবেদন । ভৎসিল বিরাট রাণী ক'রে দাসী জ্ঞান। বি ধৈছে হৃদয়ে মম তার বাক্যবান।

कूरूकूलवधु श्रंक जिश्हरत तमगी। যার নথা তুমি যতুবংশ চূড়ামণি॥ যাঁর নামে তরে লোক ভব পারাবার। তার স্থী হ'য়ে হ'লো এ দশা আমার ॥ কোথায় যাই ? কে রক্ষা কোর্কে ? সহো-দরকে সন্তুষ্ট কর্বার জন্য, রাণী এই যুক্তি ও ধর্ম বিরুদ্ধ কার্য্যে কিছুমাত্র লজ্জা বোধ কোলেন না। (রোদন করিতে করিতে) হে অদৃষ্ট! ইচ্ছা হয়, তোমাকে একবার দ্বিখণ্ড কোরে দেখি, যে তোমার মধ্যে আর কি লেখা আছে। তুমি পাণ্ডব-রমণী পাঞ্চালীকে বিরাটেশ্বরীর দাদ্য-রুত্তিতে নিযুক্ত কোরেও ক্ষান্ত হ'লে না ? আমার রাজ্য গেছে, ধন গেছে, মান গেছে, বন্ধু গেছে, বান্ধব গেছে, এবং পাণ্ডব সথা ঐক্রিঞ্চও একবার এ বিপদে দেখা দিলেন না; ইহাতেও তোমার মনো-বাঞ্। পূর্ণ হয় নাই ? এক্ষণে রমণীর শিরো-ভূষণ সতীত্ব রূপে অয়স্কান্তর্মণি হরণে যত্নবান্ হোয়েছ ! কিন্তু এ বিষয়ে তোমার সম্মান রক্ষা হবে না। হে রুক্ত্বিণীবলভ! তুমি এখনও দারকা পরিত্যাগ কোরে এ দাসীর মান (b)

রক্ষার্থ আগমন কোলে না ? আমি উদ্ধিদ্ধেটি চাতকিনীর ন্যায় গগনমণ্ডল নিরীক্ষণ কচিচা হে লজ্জানিবারণ! আমার আর কিঞ্চিনাত্র বিলম্ব কর্বার সময় নাই, তাহা হ'লে রাণী আমার প্রতি দাসীর ন্যায় দণ্ডবিধান কোর্বের; অতএব তোমাকে হৃৎ-পদ্ম স্থাপন ক'রে শক্রির সন্মুখবর্তিনী হই।

(প্রস্থান।)

যবনিকা পতন

চতুর্থান্ধ।

ছিতীয় সংযোগস্থল।

রাজ সভা।

রাজা, কন্ধ্ব, কুমার উত্তর এবং বল্লভ প্রভৃতি সভাসদ্পণ যথাযোগ্য আসনে উপবিষ্ট 1

রাঙ্গা। (কঙ্কের প্রতি) মহাশয়! আপনি আমার প্রধান অমাত্য পদে প্রতিষ্ঠিত হ'য়েছেন। আপনার ন্যায় সর্বপ্রণ-সম্পন্ন ব্যক্তি আর কথন আমার দৃষ্টি-পথে
পতিত হয় নাই, আপনি বহুকালাবধি ধ্যা-প্রমে
ছিলেন। মহারাজ বুধিষ্ঠিরের রাজনীতি সমস্তই
অবগত আছেন। ভাল বলুন দেখি, তিনি সকল
ধর্মাপেক্ষা কোন ধর্মকে শ্রেষ্ঠ জ্ঞান করিতেন, আর
কাহাকেই বা উৎকট পাপ ব'লে পরিগণিত কোর্ত্তেন?
কঙ্কা মহারাজ! এই প্রশ্ন লোয়ে বহুকাল পূর্কে
মহারা ভীলদেবের সহিত আমাদিগের অনেক তর্ক বিতর্ক হ'লেছিল। অবশেষে শান্তকুস্কুত এই
নীমাংসা কল্পোন—

"সকলের শ্রেষ্ঠ ধর্ম 'দরা' বলি যারে ।
'হিংসা'র সমান পাপে নাহিক সংসারে ॥
রাজা। মহাবীর ভীলনের এ প্রশ্নের যথার্থ উত্তর
প্রদান কোরেছেন। কেননা, সংসানীর পক্ষে দরার
অপেকা শ্রেষ্ঠধর্ম আর নাই। আর হিংসাই হ'য়েছে
সর্বনাশের মূল কান্য। দেখুন, কৌরবাধিপতি তুর্যোধন মহাল্লা যুবিচিরের অভুল বৈভব দর্শনে সর্বান্থিত
হ'য়ে ছলদ্বারা তাহার সর্বন্ধ হরণ ক'রেছে। এই বে
ভর্ক্কর জ্ঞাতিবিরোধ, হিংসাই ইহার মূল কারণ।
কক্ষা। মহারাজ। বথার্থ অনুভব করেছেন, হিংসাই

কেবল সুহৃদভেদ করে ৷

রঘু রাক্ষদের প্রবেশ

রঘু। মহারাজের জয় হউক, মহারাজের জয় হউক।
রাজা। আসুন ভট্টাচার্য্য মহাশর! আজ কি শুভ দিন।
রবু। মহারাজ! আপনার যশঃকুসুমের সোরভে
দশদিক্ আমোদিত হোয়েছে। এক্ষণে ব্রহ্মণ্য
দেবের নিকট প্রার্থনা করি, আপনি দীর্ঘজীবী হ'য়ে
অতুল বৈভব ভোগ করুন।

রাজা। ভট্টাচার্য্য মহাশয়ের হাতে কি ?
রযু। লাভঃ পরমো গোবধঃ— একটা ব্রত-প্রতিষ্ঠা ছিল।
রাজা। বলেন কি ? ও বে খাদ্য সামগ্রী।
রযু। হা হা হা ওঃ—ওটা মুনীনাঞ্চ মতিভ্রমঃ।
রাজা। আপনার আহারাদির কি হ'য়েছে ?
রযু। কিঞ্জিৎ জলযোগ হোয়েছে এই মাতা।
রাজা। কি প্রকার আয়োজনটা হোয়েছিল ?
রযু। যজমানটির এক্ষণে বড় সুপ্রভুল নাই—কেবল

া বজনানাতর অক্ষণে বড় পুল্লছুল নাং—কেবল কায়-কেলে হিন্দু হওয়া। তৈজদের মধ্যে এই থাল খানি, আর একটি জলপাত্র কোরেছিলেন। জলপা-ত্রটি গুরুর জন্য তোলা রইল; আমি পুরোহিত নাছোড় বান্দা, কাজে কাজেই আমাকে থালখানি দিতে হ'লো। ত্রাক্ষণ ভোজনের মধ্যে, আমি পুরো-হিত, আমাকেই কিঞ্ছিৎ জলযোগ করালেন।

- রাজা। আপনিশীক সামান্য ব্যক্তি; আপনাকে জলযোগ করালে অটাধিক শত ত্রাহ্মণের ফল লাভ হয়।
- রঘু। সাধু, সাধু —কিন্তু মহারাজ! আর পূর্বের মত আহার কর্ত্তে পারিনে।
- রাজা। একণে জলযোগের বিষয়টা কি, বলুন। আমার প্রধান অমাত্য কঙ্কের নিকট পরিচিত হউন; তা হ'লে রাজবাটীর ফ্রিয়া কাণ্ডের সময় বিশেষ উপ-কার দর্শিবে।
- রয়। দরিত্র ব্রাহ্মণ অতি যৎসামানা আন্টোজন করেছিলো। পাক। আত্র তিন কাহণ, ছোট আটটা
 কাঁঠলে, সেরপনর ক্ষীর, তাতেই ধামাচেরেক
 এই ফেলে নেড়ে চেড়ে মুখে দিলাম। মোণ্ডাও
 গণ্ডাবার দিয়েছিলো, কিন্তু তাতে মিইতার লেশ
 নাই। ব্রাহ্মণ অতান্ত সাপরাধ হ'য়ে ব'লে—
 'ভট্টাচার্য্য মহাশয়কে কেবল কন্ট দেওয়া হ'লো"
 আমি বলাম—'কেন, যথেষ্ট হ'য়েছে।,
- রাজা। (কন্ধকে সম্বোধন করে) মহাশয়। ইনি পূর্বেক উত্তম রূপ আহার কর্ত্তে পার্ত্তেন; এক্ষণে প্রাচীনাবস্থায় এই যৎসামান্য জলযোগেই পরিতৃপ্ত হ'য়েতেন।
- ক্ষ। মহারাজ! পুণ্যাত্মারাই উত্তম রূপ আহার কর্ত্তে

পারেন; আহার দারাই শরীর রক্ষা হয়; আত্মাকে তুট রাখা সর্বতোভাবে কর্ত্তব্য!

রয়ু। ভাল ভাল, তোমার কথায় সন্তুষ্ট হলেম। না হবে কেন ? "স পাপিষ্ট ততোধিকঃ,, যেমন রাজা তেলি মন্ত্রী।

রাজা। ভট্টাচার্য্য মহাশয়ের অনেক গুলি বচন অভ্যাদ আছে, এবং যথাযোগ্য স্থানে প্রয়োগ কর্ত্তেও পারেন।

কঙ্ক। মহাশয়ের চতুষ্পাঠী কোথার ?

রয়ু। মহারাজের হাতিশালা ঘোড়াশালা সকলই আমার চতুষ্পাঠী।

কন্ধ। উপাধিটা কি?

রঘু। রঘুরাম বিদ্যালস্কার, খ্যাতি 'রাক্ষস ভট্টাচার্য্য'। রাজ্ঞা প্রিয়তম ! ভট্টাচার্য্য মহাশয়ের গুণ বিবেচনা করেই উপাধি দেওয়া হ'য়েছে।

কন্ধ। মহাশয়ের সন্তান দি কি ?

রখু। ' ছুটি পুত্র সন্তান।

কল্পা কন্য সন্তান নাই ?

त्रपू । कना महारनत माना बाक्तनी - ७ विक्: ।

কন্ত্র। হঠাঃ—''ওঁ বিষ্ণুঃ,, বল্লেন কেন ? ভট্টাচার্য্য মহাশয়! রঘু। হা হা হা—একটা যুক্তিবিরুদ্ধ কথা ব'লে ফেলেছি।
কক্ষ। যথার্থ বলেছেন, কথাটা যুক্তিবিরুদ্ধ হ'রেছে,
কিন্তু ধর্ম্মবিরুদ্ধ নয়। "অমদাতা সম পিতা"।
রঘু। সাধু সাধু দাধু।

(দ্রুতপদে মৈরিজ্বীর রঙ্গভূমিতে প্রবেশ।) দৈরি। মহারাজ! আমাকে রক্ষা করুন, আমাকে রক্ষা করুন।

> (নেপথ্যের অপর দিক্ দিরা বীরেক্তের প্রবেশ।)

বীরে। তুই কি পালালেই পালাতে পারবি ?
(কেশাকর্ম, ভূতলে পাতিত করণ, এবং পুনঃ ূনঃ
মস্তকে পদাঘাত করণাত্তর প্রস্থাম ।)

নতকে পদাবাত করণাতর প্রথান ।

কৈলিং বিলম্বে গাজোপান করে)

ধর্লাদনে ব'লে আত ধর্ল অবতার ।

তোমার সম্মুখে হোলো এত অত্যাচার ॥

চুলে ধরে মন্তকে করিল পদাঘাত ।

নাকরিলে দণ্ড তার ওহে নর-নাথ ॥

উপরোধ করি যদি না কর বিচার ।

এই পাপে তব রাজ্য হবে ছারখার ॥

ভূপতির পুণ্যে স্থথে থাকে প্রজাগণ ।

পাপে হয় রাজ্য নই, শাস্তের বচন ॥

বলবান্ ব'লে যদি হ'রে থাকে ভর।
তবে তব দিংহাদনে বদা যুক্তি নর॥
ক্ষত্র হোরে যে না পারে শাদিতে স্বগণ।
কাপুরুষ মধ্যে করি তাহারে গণন॥
পূর্বের যদি জানিতাম ছইবে এমন।
তবে কেন লব রাজা! তোমার স্মরণ॥
ধিক্ তার রাজবেশ, রাজ দিংহাদন।
যে না করে প্রাণ রক্ষা লইলে স্মরণ॥
হেঁট মুখে ব'দে আছ রাজ দিংহাদনে।
জিজ্ঞাদিলে উত্তর না দেহ কি কারণে॥

়াজা। সৈরিন্ধি ! বীরেন্দ্রের সহিত তোমার কি নিমিন্ত দন্দ্ব উপস্থিত হোয়েছে ! সে বীর পুরুষ হ'য়ে যথন স্ত্রীলোককে আক্রমণ করেছে, তখন অবশ্যই ইহার ভিতর কোন কথা আছে !

দৈরি। মহারাজ ! তুঃখের কথা কি ব'ল্বো, পূর্ব্বে আমার প্রতি সে যে সকল কুৎসিত বাক্য প্রয়োগ করেছে, স্ত্রীলোক হ'য়ে সভা মধ্যে তাহা প্রকাশ কর্ত্তে পারি লা। (রোদন করিতে করিতে) আহা ! আমার সেই দেব-ছিজ-গুরু-ভক্ত রণবিশারদ প্রতিগণ এক্ষণে কোথায় রইলেন ! তাঁহারা পূর্বে আমাকে বলেছিলেন—"ভূমি নির্বিদ্রে কিছুকাল

বিরাট ভবনে অবস্থিতি কর, আমরা অলক্ষিতে সর্বদা তোমার রক্ষণাবেক্ষণ কোর্বো। যদি কোন কামুক ব্যক্তি কামভাবে দৃষ্টিপাত করে, তাহার দণ্ডবিধানে কালবিলম্ব কোর্কো না।" হা বিধাতঃ! তোমাকে আর কি বোল্ব ? তুমি বিপশ্ক হ'লে জগতে কেহ কার সাপক থাকে না। ক্ষত্রিয়কুলা-ধম বীরেন্দ্র কর্তুক আহত হোয়ে সামি গলবস্ত্রে বিচার প্রার্থনা কর্চি, নয়নের নীরে বক্ষ:স্থল প্লাবিত হ'চ্চে, কিন্তু তুরদৃষ্টদশতঃ রাজা কিন্তা সভাসদগণ কেহই প্রবোধ বাক্যে আমার সান্ত্রনা কর্চেন না। উত্তর। মহারাজ! গৈরিক্ষী পুনঃ পুনঃ সভাজনকে সম্বোধন করে বিচার প্রার্থনা কর্চে, আপনি ধর্মা-সনে উপবেশন কোরে রাজধর্ম প্রতিপালনে কি নিমিত্ত বিলম্ব কর্চেন ? কিছুই কারণ গুকু-ভব কোর্ত্তে পার্লাম না। আপনার যশঃকৃষ্টমের সৌরভে দশদিক্ আমোদিত হোয়েছে। যে রাজ্যে আপনি নরপতি, মহাত্মা কল্প পারিষদ, সেই রাজ্যে কুলকামিনীর সতীত্বনাশক কদাচারী কামুকের সমু-চিত দণ্ডবিধান না হ'লে, আপনাদিগকে কলম্ব হ্রদে নিময় এবং চরমে অধােগতি হ'তেই হবে তাতে আর সন্দেহ নাই।

রাজা। (উত্তরের প্রতি) বংস! উপস্থিত ব্যাপা-রের আদ্যোপান্ত অবগত না হোয়ে কি প্রকারে বীরেন্ডেরে প্রতি দণ্ডবিধান করি?

দৈরি। মহারাজ। উপস্থিত কাণ্ডের প্রথমাবস্থা স্বচক্ষে ' প্রত্যক্ষ কল্লেন; এক্ষণে আমার প্রাণদণ্ড অবশিষ্ট আছে। যথন গুরাত্মা সভা সমক্ষে আমাকে শোণি-তাক্ত কোরে স্বচ্ছন্দ শরীরে স্বস্থানে প্রস্থান কোলে, তথৰ রজনীতে আমার অনায়াদে প্রাণদণ্ড কোর-লেও কোর্ত্তে পারে। পতি সত্ত্বে পতিব্রতার এতা-দৃশ হুৰ্গতি কখনই সম্ভাবিত নহে। মহারাজ! আমার ত্রৈলোক্য বিজয়ী পতিগণের এক এক জনের নিকট ফক্ষ, রক্ষ, গন্ধর্বে, কিমর এবং অমর পর্যান্ত পরাভব স্বীকার কোরেছে; দেই মহাত্মাগণের মনোমোহিনী হোয়ে পরাদুইতভাগী ছরাত্মা কর্তৃক সভাসমক্ষে অপমানিত হোলাম; তাঁরা কিছুমাত্র প্রতিকার চেক্টা কোলেন না ১ ধাঁদের শরাসনের শব্দে শমন পর্যান্ত শঙ্কান্তিত হোতো, এক্ষণে তাঁদের সে বলবার্য্য কোথায় রৈল ? কে তাঁদের ধর্মপত্নীকে রক্ষা কর্বে ? কার শরণাপন্ন হব ? বালক এবং স্ত্রীলোকের রোদনে পুরুষমাতেরই মন আর্ত্রর, কিন্তু আমার

তুরদৃত্টবশতঃ মৎস্যাধিপতির মন পাষাণাপেকাও কঠিন হোয়ে উঠেছে। মহারাজ স্বয়ং হিমানয়ের প্রধান শৃঙ্গদ্বরূপ, উচ্চাদনে উপবেশন কোরে আছেন, অমাত্যগণ বৃহৎ বৃহৎ শৈলখণ্ড সদৃশ, তাঁহার চতুসার্শ বেপ্তিত কোরে ইউসাধন কোচ্চেন। এতাদৃশ শৈল-শিখর কি আমার ম্যায় সামান্য রমণীর রোদনে বিচলিত শেতে পারে ? কখনই হবে না—কি প্রকারে রজনীতে আমার সভীত্ব রক্ষা হবে—তুরাত্মা বীরেন্দ্র সভাস্থগণের ভীরুতা দর্শনে আমার প্রতি পূর্ন্নাপেকা সহত্র গুণ দৌরাক্স আরম্ভ কোর্বে। (উল্লেখ্যের রোদন।) উত্তর। নৈরিন্ধি! আর রোদন কোরো না। তোমার তুরদুট দর্শনে এবং কাতরম্বর শ্রেবণে আমার মন প্রাণ একেবারে ব্যাকুলিত হোয়ে উঠেছে। কি করি, একে পিতা তাতে রাজ্যাধিপতি, তাঁহার অনভিমতে কোন কর্ম কোর্ত্তে পারি না। পিতার আজ্ঞা প্রাপ্ত হ'লে কদাচারী কামুকের দণ্ডবিধান

এজন্যই কাপুরুষের ন্যায় উপবিউ আছি। বল্লভ। দৈরিদ্ধি! ভূমি আমাদিগকে কাপুরুষের মধ্যে পরিগণিত কোরো না। বলবার্যা সত্ত্বেও কেবল

কোর্ত্তে পারি। ক্ষত্রিয়কুলে জন্ম গ্রহণ কোরে

পরাধীনভাবশতঃ জড়ের ন্যায় সভামগুলে উপবেশন কোরে আছি। যদি মহারাজের অনুমতি পাই, ভাহা হ'লে একণেই এই ভুজবলের পরিচয় প্রদান কোর্ত্তে পারি।

রাজা। (জনান্তিকে) প্রিয়তম ! এ বিষয় ল'য়ে আর অধিক বাদাসুবাদের প্রয়োজন নাই। এই সূত্রে একটা গৃহবিচ্ছেদ উপস্থিত হোতে পারে। এক্ষণে তুমি প্রযোধ বাক্যে দৈরিদ্ধীকে সান্ত্বনা কোরে অন্তঃপুর মধ্যে প্রেরণ কর। ভবিষ্যতে বীরেন্দ্র যাহাতে এরপ অন্যায়াচরণে ক্ষান্ত হয়, আমি সাধ্যানুসারে তাহার চেন্টা কোর্ফো।

কয় ! দৈরি জা ! মহারাজ তোমাকে ধৈর্যাবলম্বন কোর্ত্তে অন্তরোধ কোর্চেন । তোমার ন্যায় সর্বা গুণসম্পানা পতিপ্রায়ণা কামিনীর এতাদৃশ অপ-মান দর্শনে মৎস্যাধিপতি যারপর নাই লভিত হোরেছেন । মহারাজ যথার্থই ধর্মাজা, এবং ধৈর্য্য, বীর্ষ্য, গান্তীর্য প্রভৃতি নানা গুণে মণ্ডিত । এতাদৃশ মহাকুভ্রকে আর পুনঃ পুনঃ অভিযোগ করা যুক্তি-যুক্ত হয় না ৷ সকলেই অদৃষ্টের বশবন্তী, অদৃ-ভিষ্ক উপর কেহই বল প্রকাশ কোর্ত্তে পারে না। দেখ, কার শক্তিতে এই ভৃতাবাদ ভূমণ্ডল স্প্রী

হোয়ে যথানিয়মে চোল্চে, যাঁর শক্তিতে ঋতু সমূহ পর্যায়ক্রমে গমনাগমন কোর্চে, যাঁর শক্ততে ফুত্র ফুদ্র বীজ দকল অঙ্কুরিত হোয়ে বিপুলতর শাখাপ্রশাখাতে সুশোভিত হোচে, যাঁর শক্তিতে নীরদেরা ক্ষীর তুল্য নীর বর্ধণে ক্ষিতিতল শীতল কোর্চে, যাঁর শক্তিতে শোণিত ও শুক্র একত্র হোয়ে এই পঞ্চ ভৌতিক দেহের স্বষ্টি কোরেছে. নেই ভব-ভয়-নিস্তারক ভগবানও যুগে যুগে নরদেহ ধারণ কোরে বর্ণনাতীত কট ভোগ কোরেছেন। ত্রেতাবতার রামচন্দ্র বিমাতা কর্তৃক রাজ্যসূথে বঞ্চিত হোয়ে প্রাণতুল্য সহোদর এবং পতিপ্রাণা জানকীর সুমভিব্যাহারে সন্ধাসীর বেশে দেশে দেশে ভাষা কোরেছেন। নলোপা-খ্যানে দময়ন্তীর তুরদুফের বিষয় অবশ্যই শ্রবণ কোরে থাক্বে। এই জন্য আমি তোমাকে পুনঃ পুনঃ অমুরোধ কচিচ, ধৈর্য্যাবলম্বন কোরে অন্তঃপুর মধ্যে প্রবেশ কর। বৈধ্যরূপ তরণী ব্যতিরেকে বিপদরূপ পারাবারের পারে গমন কর্বার আর উপায়ান্তর নাই।

দৈরি। যা বলিলে সভাসদ! সকলি প্রমাণ। কিন্তু আর না পারি সহিতে অপ্যান॥

সহজে মানিনী আমি পতি সোহাগিনী। কেমনে ধরিব ধৈর্য্য হোয়ে অনাথিনী॥ এক দিন সংসার কোরেছি তৃণ জ্ঞান। সেই আমি দাঁড়াইতে নাহি পাই স্থান। কাহার এখন হবো কে দিবে আশ্রয়। তাই ভেবে তুনয়নে বারিধারা বয়॥ ্সভায় মারিল লাথি বীরেন্দ্র তুর্জ্জন॥ ু কুর্বল হোয়েছি কোরে রুধির বমন॥ ্রিক্সতেও পতিরা যদি না করেন রোয। কাজে কাজে দিতে হবে অদুষ্টেরে দোষ। েয়ে ব্ৰতে আছেন ব্ৰতী মম পতিগণ। সংসার ডুবিলে নহে বিচলিত মন॥ ংশ্বাত্মা সুধীর সত্যবাদী জিতেন্দ্রিয়। দেব-দিজ-গুরু-ভক্ত জগতের প্রিয়॥ ে কেবল নারীর প্রতি তাচ্ছিল্য স্বার। ্র প্রমাণ পেয়েছি তার শত শত বার॥

কর কিরিকিন জুমি প্রতিপ্রাণা সতী হোরে কি প্রকারে প্রতি নিন্দা কোর্চ ? যদিও তোমার উপ-ছিত বিপদে তাঁরা কোন সাহায্য কোলেন না, কিন্তু সামার নিতাত বিশ্বাস হোচেন যদি বীরেন্দ্র পুনরায় স্বন্যায়াচরণে প্রবৃত্ত হয়, তাহা হ'লে গন্ধৰ্বেরা তোমার চিত্তরঞ্জনার্থে অবশ্যই তার শাস্তি দিবেম।

যবনিকা পতন।

চতুর্থান্ত।

তৃতীয় সংযোগন্থল।

রাজবাটীর নাট্যশালা।

রাণী সিংহাসনে উপবিকী।

রাজকন্যাগণ সম্মুখে নৃত্য করিতেছে।

বৃহন্নলা পশ্চান্তাগে দাঁড়াইরা শিক্ষা দিতেছে।

বৈরিক্ষাীর প্রবেশ।

সৈরি। (সজল নয়নে) রাজমহিষি! প্রণাম করি;
স্থার পরিবর্ত্তে আপনার সহোদর কর্তৃক শোণিত
প্রদত্ত হোয়েছে; দর্শনে পিপাসার শাস্তি করুন।
। একি! একি!! একি!! কে ভোমাকে
ক্রাধ্রে আক্ত কোরে শমনকে স্মরণ কোরেছে?
শীঘ্র প্রকাশ কর; মহারাজকে বোলে এই দত্তে
তার সমূচিত দণ্ডবিধান কোর্কো।

ক্ষা কর মহারাণি ! আর কাজ নাই ! সৈরি। বুঝেছি শঠতা তব, কহিতে ডরাই॥ সভার মারিল লাখি তব সহোদর ৷ দেখেছেন সিংহাদনে বোদে নরবর ॥ সভাস্থ সকলে আর কুমার উত্তর। সমুদিত শান্তি দিতে হইল তৎপর॥ কিন্তু মহারাজ তব সম্ভোষ কারণ। कथा- इत्न कतित्न मकत्न वात्र ॥ রাজা রাণী উভয়ের নাহি ধর্ম্ম ভয়। কেন এদে হেন রাজ্যে লোয়েছি আশ্রয়॥ কি করি কোথার যাই না দেখি উপায়। বিদেশে বিপাকে পোড়ে জাতি কুল যায়॥ নারী হোয়ে না বুঝিলে নারীর বেদন। ছল কোরে পাঠাইলে সুধার কারণ । সুধা-সিন্ধু মন্থনে উঠিবে হলাহল। দহিবে তোমার র জ্য হ'য়ে দাবানল।

রাণী। সৈরিদ্ধি ! কেন তুমি আমাকে অকারণ অভিযোগ কোচ্চ ! আমি এ বিষয়ের কিছু মাত্র অবগত থাকলে, কুথনই তোমাকে সুধা আন্তে পাঠাতাম না। তুমি আমাকে গর্ভধারিণী জননীর মত ভক্তি কর বোলে. একাল পর্যান্ত উত্তরার অপেক্ষা তোমাকে কিছুমাত্র ভিন্ন জ্ঞান করি নাই; গ্রহ-বৈগুণা বশতঃই আমাকে,

এই অপবশের ভাগিনী হোতে হ'ল।

কিলো । তা বৈ কি মা! 'দিন ষায় ও ক্ষ্যাণ্ যায় না।'

রহ। সৈরিজ্ঞা! তুমি আর রোদন কোর না, ধৈর্যাবলম্বন কর; সুখ-তুঃখ চিরস্থায়ী নহে; জভ্যত্ত

তুঃখের পরই সোভাগ্যরূপ শশধ্রের উদয় হ'য়ে
থাকে। বোধ হয়, তোমারও তত্ত্রপ হবার আর
কাল বিলম্ব নাই।

দৈরি। বৃহন্ধলে ! তুমি কি আমাকে বিজ্ঞপ কোচ ?
তুমি নিজে সপুংসক জাতি, নাট্টশালে থাক ।
আমি কি ভাবে কাটাই কাল, সংবাদ না রাধ ॥
নাহি ধর্মাধর্ম কোন কর্ম তোমাতে বিদিত।
বিধি কোরেছে তোম কে দেখ, স্বভাবে বঞ্চিত॥
নহ নারী যে ব্রিবে তুমি নারীর বেদন।
তাই করিছ আমারে তুমি বিজ্ঞপ এখন ॥

রহ। সৈরিদ্ধি ! তুমি অভিমানে মুগ্ধ হ'রে ক্ষমর্থক আমাকে অভিযোগ কোচচ। তোমার এই ফুর্কনা দর্শনে আমরা সকলেই সশক্ষিত হ'লমি; কারণ আমরাও প্রগৃহে বাস কোরে পরাক্ষে প্রতিশীলিত হচ্চি। যথন আঞ্জিত কনের প্রতি এ প্রকার পীড়ন-হ'তে লাগ্লো, তথম আমরাই কি কিডার পারি ? দৈক্ষি। যথার্থ। আমা অপেকাও তোমার অধিক আশকা হবার কথা। যথন বাসব তুলা পঞ্চপতির পত্নী হ'রে আমিই আত্ম রক্ষ কোর্ত্তে অকম হ'লাম—পতিরা কেহই কৃপাদৃষ্টিতে দৃষ্টিপাত কোলেন কর্মা, তথন তুমি পক্ষবল শূন্য ক্লীবজাতি হ'রে কি প্রকারে কৃতান্তের সহচর বীরেন্দ্রের হস্ত হ'তে নিস্তার লাভের আশা কোর্বে ? ধর্মাপ্রম-ভ্রফ আমরা যে কয়েরজন বিরাট রাজ্যে আত্রয় গ্রহণ কোরেছি পর্যায়ক্রমে সকলকেই আমার ন্যায় শান্তিভোগ কোর্তে হবে সন্দেহ নাই।

বৃহ। দৈরিদ্ধি ! ছঃখ চিরস্থায়ী ভাব্লে কেইই সংসার
থাত্রা নির্বাই কোর্তে পার্ত না। এই কারণেই
শাস্ত্রকারেরা বিপদ কালে ধৈর্যাবলম্বন কোর্তে
ভূয়োভূয়ঃ অমুরোধ কোরেছেন। অতএব এ
অবস্থায় আমাদিগের স্থির ভাবে অবস্থান ভিম
দিতীয় উপায় নাই।

উত্তর । সৈরিজি । তুমি আর কেঁদনা—তোমার কুটি চোধ রাঙা হ'রে উঠেচে। আমি তোমাকে সংহাদরা ভগিনীর কোর্তেও ভাল বাসি। তুমি এ অপ্যান ভোমার বিবেচনা কোর না। মা ভোমাকে কাঠিয়ে ক্লিয়েছিলেন, এ অপ্যান সায়েরই হ'রেচে। আর আমি তোমাকে কোন খানে যেতে দেব না, সর্বনা আমরা ছই বোনে একত্তে থাক্ব। (রাণীর প্রতি) মা! ভূমি কেন দৈরিক্ষ্রীকে ওবাড়ী পাঠিরেছিলে? আর কি কেউ ছিল না, যে বেচে বেচে দৈরিক্ষ্রীকে পাঠাতে গ্যাছ? দেখ দেখি মামার আচরণ, আহা চুল গুলো পর্যন্ত ছিঁড়ে গ্যাচে! (দৈরিক্ষীর মন্তকে হস্তার্পণ করিয়া) আহহা!! রক্ত পোড়্চে যে? এর কেউ নেই বোলে কি এমনি কোরে মার্ত্তে হয়? এ পাপটি কিস্তু মা তোমার হবে।

- রাণী। মা! আমি কেমন কোরে জান্বো যে এত কাও হবে ?
- গৈরি। রাজকুমারি ! আজ্ ভগবান কেবল আমার মান রক্ষা কোরেচেন, নতুবা কোন প্রকারেই এ চাতুরী হ'তে নিস্তার পেতাম না। এখন ধর্ম রক্ষা হ'ডেছে, কিন্তু প্রাণরক্ষা হবার কোন সম্ভাবনা দেখ্চিনা।
- উত। আর তোমার ভর কি ? তোমাকে আর কখন আমার চক্ষের অস্তরাল কোর বো না। আদি পূর্বে বিন্দু মাত্র জান্তে পার লে কি যেতে দিতাম ? রাণী। দৈরিদ্ধি ! মা আমার ! আর রোদন কোর কা,

শামি এ বিষয়ে অত্যন্ত লক্ষা পেন্নেচিশা কি কোর্বে মা! যা হ'য়ে গাচে তা ত আর ফির্বে না। আমি আর তোমাকে অন্তঃপুরের বাহিরে যেতে বোল্ব না।

নৈরি। না ! আমি আপনার অন্তুরোধে ধৈর্যধার ।
কোলাম, কিন্তু আমার গন্ধর্ক পতিগণ ইহার অণ্মাত্র শ্রবণ কোলে বিষম কাণ্ড উপস্থিত হবে।
আমি পুনঃ পুনঃ আপনার সহোদরকে আমার প্রতি
কুভাবে দৃষ্টিপাত কোর্ত্তে নিবারণ করেছি; কিন্তু
অহঙ্কারে মত্ত হ'য়ে তিনি কোন কমেই আমার কথায়
কর্ণ প্রদান করেন নাই। কি পরিতাপ !!

অনাথা আমারে দেখে এত অত্যাচার।
তার সমুচিত শান্তি হবে নাকি তার ?
মানুষ হইয়া হল্ব গল্পকের সনে।
সবাল্পবে যেতে হবে শমন সদনে॥
যদি সতী ইই, থাকে পতি প্রতি মন।
অবশ্য হইবে আশু বীরেন্দ্র নিধন।

ভিলো। নাগো ! দৈরিষাী বার খায় তার একটু মুখ পানে চাল না । কট্ কট্ কোরে গাল্ দিচে দেখা

ভত। তোকে কেউ মধ্যত্ব মানে নি, তুই চুপ্কোরে

খাক্। চোঁথের মাধা থেয়ে দেখতে শাচিত্নে ! রক্তে বে স্নান করিরে দিয়েছে। স্থান কোরে সালে তৃইও কি ভূলে রাধ্তিন ?

রাণী। ওগো তোরা ক্ষমা কর্মা, সব দোষ আমার হ'য়েচে। আমার মা আমার মাথা খেতে যদি সৈরি-ক্রীকেনা পাঠিয়ে দেব, তবে এত কাও হবেই বা কেন!

তিলো। মাগো! রাজকুমারীকে কোলে কোরে মাকুষ কোরেছি; এখন মুখের কাছে দাঁড়ান ভার!

রাণী। আবার কথা কচিন্? তোর বৃধি আর ছেলে মামুবের একটা কথা গায়ে সহ্য হ'ল না?

ব্ধহ। আর আপনাদের বাদানুবাদের প্রয়োজন নাই।
(দৈরিজ্বীর প্রতি) তুমি এখন তোমার রণ-বিশারদ
পতিগণকে স্মরণ কোরে কালাডিপাত কর, কালে
এ তুঃখ অবশাই দূর হবে।

সৈরি। বৃহন্নলে! ভারতভূমে জন্মগ্রহণ কোরে অনেক তুঃখ সহা কল্লাম, কিন্তু এপ্রকার অপমানিত হ'রে জীবিত থাকা অপেকা মরণই মঙ্গল। ঐকনে ইচ্ছা হ'চে, আত্মাতিনী হ'রে পরপুরুষ-কার্ট জনিত পাপের প্রায়শ্চিত্ত করি।

इर। रिनिकिं ! अपन अनात कंकी गूरे अने

॰ তিত্রা না হরে ষণার্থ পতিপ্রাণার নাম পতিগণকে
অরণ কোরে কালাতিপাত কর ।

উত্ত। আর তোমাদের পাঁচ কথার কাত নেই; আমি নৈরিদ্ধীকে নিয়ে এখান থেকে যাই (নৈরিদ্ধীর প্রতি) এদ বোন্! আমরা যাই। আমার যে ছঃখ হ'কে, তা আমিই জানি।

(সৈরিদ্ধাীকে লইয়া উত্তরার রঙ্গভূমি হইতে প্রস্থান) রাণী। (স্বগভ) দৈরিজ্ঞীকে ছলনা কোরে বীরেন্দ্রের কাছে পাঠান আমার পক্ষে বিবেচনার কর্ম্ম হয় নি। ্ (বৃহন্নপার প্রতি) বৃহন্নলে! তুমিত পাণ্ডব্দিগের গৃহে বছকাল বাস কোরেচ, বল দেখি, সৈরিক্ষ্রী যে বার বার পঞ্চ গঞ্জবির কথা বলে, তা কি ম্থার্থ ? त्रह । याजः । रेमतिक्ती यथार्थहे পঞ্চ गक्तदर्वत প্রিয়-তমা পত্নী। তাহারা এক এক জন মহাবল পরা-ক্রান্ত। আপনার সহোদর সৈরিক্ষ্রীর এতাদৃশ অপ-শান কোরে বৃদ্ধির কার্য্য করেন নাই। তাহারা এবিয়য় স্থাৰণত হ'লে ভয়ক্ষর কাণ্ড উপস্থিত কোরে । গদ্ধবের। সভারতঃ অত্যন্ত কোপন-া বুজার, ভারাতে তাহাদের ত্রেলোক্য-মোহিনী রম-ণীর এতাদৃশ হুর্দশা প্রবণ কোলে একেবারে উমত

রাণী। (সভয়ে) তাই ত , এখন উপায় কি ?
বৃহ। মাতঃ! উপায় ত কিছুই নিরপণ কোর্তে পারি কা।
রাণী। (দীর্ঘ নিঝাদ পরিত্যাগ পূর্বক) ভগবানের
যা ইচছা তাই হবে। সৈরিজ্বীকে আতায় দেওয়া
বৃদ্ধিক কাজ হয় নাই। ওই বিপদের কারণ হ'ল।
(চিন্তা)

যবনিকা পতন।

शक्षमं छ ।

श्रथम मः (योशक्त।

রাজার রন্ধনশালায় ভীম নিদ্রিভ।

র্চ্চোপদীর প্রবেশ।

দ্রোপ।

রাগিণী মলার।

তাল মধ্যমান ৷

রক্ষহে পুগুরীকাক্ষ পাত্তব-নাথ তুমি হরি;
অধৈষ্য হ'তেছে তত্ত্ব আর অপমান শইতে নারি।
ভূজবনো কম্পে ধরা, দাসক করিছে তারা,
ধরা-শ্যাশারী এখন প্রবণ্ত হুইউর অরি॥

🥟 🧢 (ভীমের চরপাধারণ করিয়া) 🦠 🏗 🦠 ডিঠ উঠ প্রাণনাথ! দেখ একবার। ু অশ্রুজনে ভাসিতেছে বণিতা ভোমার ॥ সভায় সমস্ত চকে কোরে দরশন। স্থাধে নিদ্ৰা যাইতেছে তোমা ছেন জন ! তুমি স্লেহ-শূন্য হ'লে দাসীরে এখন ? ্তবে আর প্রাণ রেখে কোন প্রয়োজন ? ভীম। (নিদ্রাভঙ্গে শয্যোপরি উপবিষ্ট হইয়া) একে. প্রিয়ত্তমে !! (দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া) তোমার সজল নয়ন, ছিল্ল বসন, সর্বাঙ্গে শুষ্ক শোণিত দর্শন কোরে আমার মনঃপ্রাণ ব্যাকুলিত হ'মে উঠ্চে। পাঞ্চালি। বিধাতা কি তোমার অদুষ্টে এত তুঃধ লিখেছিলেন ?— উঃ—আর সহ্য কোর্ত্তে পারি না।

(करंत्र कत्रमर्फन)।

দ্রোপ। বলিতে মুখেতে বাক্য সরে নাক আর।
তুঃখের অভাব পতি যুধিন্তির যার?
ত্যুথার ব্যথিত অঙ্গ চলে না চরণ।
থেকে থেকে করিতেছি রুধির বমন।
তুমি বিদ্যমানে হোল এ দশা আমার।
অতঞ্ব পাপ-প্রাণ না রাধিব আর॥

ভীষ। প্রেরদি ! তুমি পাওবগণের সর্বব্ধ ধন । তোমার গুণেই ছাদশ বৎসর অরণবাদে আমরা কিছুমাত্র কন্টামুভব করি নাই। তুমিট মহারাজ মুধিষ্টিরের উপযুক্ত মহিষী। তোমার ন্যায় ধৈর্যারতী রম্পী না হ'লে আমাদের এ অজ্ঞাত-বাদ কোন ক্রমেই, প্রক্রে-প্রক্রের অজ্ঞাত থাক্ত না।

দ্রোপ। প্রাণকান্ত। জগতুজ্বল-কুরুকুল-বর্ হ'য়ে বিরাট
ভূপতির দাদ কর্ত্তিক দভা দমক্ষে অপমানিত হ'লাম ?
ভীম। কি করি, পাণ্ডবনাধের আজ্ঞা কাভিরেকে
কিছুই কোর্ত্তে পারি না। নতুবা দভাগারের দক্ষুধভিত বিব বৃদ্দের আঘাতে তুরাল্লার মন্তক চুর্ণ
কোরে ভোষার মনোবাঞ্ছা পূর্ণ কোর্তাষ্

দ্রোপ। ধর্মরাজই কেবল ধর্মকে চিনেছিলেন। হা ধর্ম। ভোষার মর্ম বোঝা ভার—— ধর্মরাজ ছঃখ পান ধর্মের কারণ। , অধর্মে সর্বনা স্থবী রাজা স্ক্র্যোধন ঃ ' যতো ধর্ম ততো জয়ঃ ' শাস্তে আছে ধ্বনি

তার ফল না পেলেন ধর্ম নৃপমণি ॥
স্বর্ণ গৃহে বাস করে রাজা ছুর্য্যাধৃন্দ।

ধরাশয্যা---(রোদন)

ভীম। গুণবতি ! একণে আমন ধর্মাতা মুধিষ্ঠিরের (১১)

বশবর্তী হ'য়ে নানা কর্টে কালাভিপাত কচিত এবং কুরুকুল-কণ্টক ছুর্ম্মতি ছুর্য্যোধন পুনঃ পুনঃ অধর্মাচরণ কোরেও আপাততঃ এই অখণ্ড ভূমণ্ডলে একাধিপত্য স্থাপন কোরেছে, কিন্তু কালে "ধর্ম্মের জয় অধর্মের ক্ষয় " অবশ্যই হবে । আমাদের অজ্ঞাত বাদের আর অল্লকালই অবশিষ্ট আছে; তার পরই আত্ম-প্রকাশ কোরে এই ভুজবলের পরিচয় প্রদান কোর্কো। গদার প্রহারে ধৃতরাষ্ট্রের শতপুত্রের মন্তক চুর্ণ কোর্কো, ছুঃশাদনের হুনয় বিদার্থ কোরে অঞ্জলি পূরে রক্তপানে ভাপিত হৃদর শীতল কোর্কো। জীবিতেশ্বরি! তুমি আর পুনঃ পুন: আমার ক্রোধানলে মৃতাছতি প্রদান কোর না। তোমার নয়ন বারি হবিঃস্থরপ হ'য়ে আমার জোধানলকে শতগুণ প্রজুলিত কোরে তুল্চে। আমি বিনয় কোরে বল্চি, আর কিঞ্ছিৎকাল ধৈন্যা-বলম্বন কর; কেবল তোমার ধৈর্য্যের উপরই অ.মা-দের সমস্ত শুভাশুভ নির্ভর কোর্চ্চে ।

জৌপ। স্বার যে বৈধ্য থাকে না! একবার ভেবে দেখ দেখি, কুরু-সভার কি কাও হ'রেছিল। সে স্থানানে কি স্ত্রীলোকের প্রাণ থাকে?

লীধৰ্মে ছিলাম পোৱে মলন বদন। কেশে ধোরে সভায় আনিল ছঃশাসন ! সভায় ছিলেন বোসে যত বিজ্ঞগণ! ভীমা, দ্রোণ, কুপ, কর্ণ, গুরুর নন্দন । ভাঁদের সম্মুখে হোল এত অত্যাচার। বিবস্তা করিতে যায় কৌরব কুমার!! হায় হায়! কব কায় মনের বেদন। কুলবধু কহিলাম সভায় বচন। এলো কেশ ছিল বেশ চক্ষে শতধার। তবু কার নাহি হ'ল দরার সঞ্চার ॥ নিরুপায় হ'য়ে স্মরি 🗐 মধুসূদন। বিপদে দিলেন দেখা বিপদ-ভঞ্জন । ্যত টানে তত বাড়ে অঙ্গের অন্বর। স্বচক্ষে দেখেছ বোসে পঞ্চ সহোদর ॥ উচিত বলিতে গেলে পতি-নিন্দা হয়। " দোষা বাচ্যা গুরোরপি " শান্তে হেন কয়। প্রিয়তমে! কেবল ধর্মাভয়ে মর্ম্ম-বেদনা সহা কোরে কাপুরুষের ন্যায় কর্ম্ম কোরেছি। কথা তোমার অবশাই স্মরণ আছে, সভা সমক্ষে প্রতিজ্ঞা কোরে এদেচি, গদার প্রহারে ধৃতরাষ্ট্র-বংশ ধংস কোরে তোমার সান্তনা সম্পাদন

কোর্কো। আর অজ্ঞাত-বাদের ত্রয়োদশ দিবদ মাত্র অবশিষ্ট আছে, তার পরেই তুমি পৃথিবী-পতির পার্শ্বর্তিনী হ'রে ইন্দ্রালয় তুল্য ইন্দ্রপ্রস্থ-প্রানাদের শোভা বর্দ্ধন কোর্বের।

জৌপ। যত বল প্রাণকান্ত! তাতে না হইব শাস্ত;
শুভ হবে অদুক্টে তাহার!

দাঁড়াতে না পাবে স্থান, পদে পদে অপম ন, ধর্মপুত্র বল্লভ যাহার।

রাজসূর যজ্ঞ কালে, লক্ষ লক্ষ মহীপালে ছত্ত-তলে দাসত্ব করিল। দেবতা, গর্মবর্ধ, নর, যক্ষ, রক্ষ, বিদ্যাধর

দেবতা, সরাব্ব, নর, যক্ষ, রক্ষ, হেদ্যার্থ কর দিয়া চরণ পুজিল॥

সেই মন্ত অধিকারী হয়েছেন ত্রহ্মচারী, ধরাশয্যা শয়ন তাঁহার;

মস্তকে জটার ভার, সে ভাব নাহিক আর আজ্ঞাবহ বিরাট রাজার!

ক্রপদ-নন্দিনী আমি, ভীম ধনপ্তয় স্বামী, বাঁদের শমন শঙ্কা করে। সর্বাদা কম্পিত কায়, চোরের রমণী প্রায় দাসী হ'য়ে বিরাটের ঘরে॥ ভূমি হেন মহাবল, যার দর্শে ধরাতল
শাগী হ'ল হিড়ন্থ রাক্ষ্ম।
বকের বধিয়া প্রাণ, রাখিলে দ্বিজের মান;
গদা যুদ্ধে সংসারে সুয়শ।

কত আর রব সয়ে, পাচক ব্রাহ্মণ হ'য়ে হ'লে শেষ বিরাটের দাস। উহু উহু মরি মরি! অট্টালিকা পরিহরি রক্ষন-শালায় তব বাস॥

রজনে নিপুণ জন্য সবে করে ধন্য ধন্য, 'বল্লভ 'তোমার পরিচয়।

ত্যজে গদা ধ্কুঃশরে কটাহ ধরেছ করে, তাই দেখে মৃত্যু ইচ্ছা হয়॥

মহাবীর ধনঞ্জয়, ূলক্ষ ভূপে পরাজয় যে করেছে মম স্বয়ন্তরে।

জগজ্জয়ী দেব অংশ যুদ্ধে জিনি যতুবংশ, সুভ্জাকৈ বলে লয় হরে॥

দহিয়া খাণ্ডৰ বন, তৃপ্ত কোরে হুতাশন এক পক্ষ ভূভার বহিল। দেই বীর ক্লীব হ'রে, স্ত্রীগণের মধ্যে রোয়ে

শাঁখা খাড়ু সিন্দুর পরিল।

সহদেব অশ্বশালে, নকুল গোকুল পালে,
দেখে তুখ তুখে ততু দয়।
বাজবালা বাজমাতা কাঁদিছেন ভোজ-সূতা
ল'য়ে এবে বিতুর আগ্রয়।

ভীন। ভাবিনি ! আর গতানুশোচনায় আবশ্যক
নাই; আদ্যোপান্ত সমস্ত ঘটনা আরণ পথের
পথিক হ'রে আমাকে একেবারে অধীর কোরে
ভূলেচে। ইচছা হ'চেচ এই মুহুর্ত্তে গদাগ্রহণ কোরে
হন্তিনাপুরী প্রবেশ পূর্ব্তক বৈরনির্য্যাতন-সাধন
দ্বারা অন্ত হই।

জ্যেপ। নাথ ! এখন কেবিবিদিগের মর্মভেদা আচরণ
স্মরণ কোরে মনকে বাথিত কর্বার সময় নয়।
আমার অনুরোধ এই, পামর বীরেন্দ্রের পাপের
প্রায়শ্চিত্রের যাতে কাল বিলম্ব না হয়, সেই বিষয়ে
উদ্যোগী হও ৷ আমি গর্কের সহিত সকলের
নিকট পঞ্চ গল্ধর্কের পত্নী বোলে পরিচয় দিয়ে
থাকি; তুরাত্মার প্রতিফল লাভে বিলম্ব হ'তে
গোলে, তারা আমাকে যার পর নাই পরিহাস
কোর্কের, আর সে তুইও আমাকে একেবারে অনাথা
বিবেচনা কোরে পূর্ক্বাপেক্ষা অধিক অত্যাচার

কোর্ত্তে ক্রান্ত হবে না। সে অপমান আমি প্রাণ থাক্তে সহ্য কোর্ত্তে পার্কো না।

ভীম! (স্বগত) নরাধম বীরেন্দ্র কর্তৃক অপমানিত হ'য়ে প্রিয়ার অত্যন্ত অভিমান ইয়েচে। একণে উপায় কি ? (প্রকাশ্যে) সুন্দরি ! এবিষয়েও আবার আমাকে অনুরোধ কোর্চেল ? তোমার অপ-মান আমার হৃদয়ে শেল দম বিদ্ধ হয়েচে। কিন্তু কি করি, পাওবনাথের অনুমতি ব্যতিরেকে কি প্রকারে উহার নিধন-দাধন করি ?

দ্রোপ। মহারাজ ও আর অনুমতি গ্রহণের অপেক। রাখেন নি।

ভীম। কেন?

জোপ। তোমার স্মরণ থাক্বে, তিনি সর্ব্ধ শেষে
আমাকে এই বোলে প্রনেধ দিলেন, "সৈরিদ্ধি!
তুমি পতিপ্রাণা দতী হ'লে কি প্রকারে পতি নিন্দা
কোর্চ ? যদিও তোমার উপস্থিত বিপদে তাঁরা
কোন সাহাত্য কোরেন না, কিন্তু আমার নিতান্ত বিশাস হোক্তে গল্প করে। তোমার চিত্ত-রঞ্জনার্থে
অবশ্যই তাহার শান্তি দিবেন।"

ভীম। যথার্থ। দে বিবেচনার আমার প্রতিই এক-প্রকার অসুমতি দেওয়া হয়েছে; কিন্তু কি প্রকারে ুটিভয় দিক্ রক্ষা করি ? বীরেন্দ্রের সহিত প্রকাশ্য যুদ্ধ কোর্ত্তে গেলে আমাদের এ অজ্ঞাতবাস অজ্ঞাত থাকে না! (চিন্তা ও কিয়ৎক্ষণ পরে) হয়েছে; প্রোয়সি! এক সম্পায় স্থির কোরেছি।

দ্রৌপ। কি প্রকারে উভয় দিক্রকা হ'তে পারে বল দেখি ?

ভীম । রজনী প্রভাত হ'লে বীরেন্দ্র গর্ব্ব প্রকাশ কোর্ত্তে অবশ্যই রাণীর আবাসাভিমুখে আগমন কোর্ব্বে, ভূমি তৎকালে তাহার প্রতি রোষ প্রকাশ না কোরে, সকলের চক্ষের অন্তর্নালে তাহাকে সংক্ষেপে আশ্বাস প্রদান কোর্বে।

দ্রোপ। কিরূপ আশ্বাস প্রদান কোর্কো?

ভীম! তুমি তাকে বোল্বে, আমি লোকাপবাদ ভয়েই
মনোভাব গোপন কোরে এ পর্যান্ত তোমার প্রতি
কপট কোপ প্রকাশ কোরে এসেচি, কিন্তু সেজন্য
আমাকে সেরপ প্রহার করা প্রেমিকের কার্য্য হয়
নি । যা হ'ক, প্রকাশ্যে আর আমার সঙ্গে কথোপকথনের প্রয়োজন নাই, আজ্ রাত্রিতে তোমার
সহিত নাট্টশালার নির্জ্জন গৃহে সাক্ষাৎ কোর্ব্বো।
সে তোমার আশারূপ মুগতৃক্ষার মুগ্ধ হ'য়ে নিশ্চরাই
সেই তিমিরার্ত স্থানে উপস্থিত হবে, সেইখানে

তার প্রাণ-বিনাশ কোরে সকল দিক্ রক্ষা কো-র্বো।

দোপ। প্রাণকান্ত! উত্তম উপায় স্থির কোরেছ, ইহাভিন্ন ছলবেশে বীরেজ-বিনাশের অন্য উপায় নাই।
ভবে এই বৃক্তিই স্থির—এখন আমি স্বস্থানে
গমন করি। (গমন কালীন্ ভীমের হস্তধারণ করিরা) দেখো নাথ! বেন দাসীর মান রক্ষা হয়।
ভীম। প্রাণেশ্বরি! আর কেন আমাকে পুনঃ পুনঃ
অনুরোধ কোর্চে, তোমাকে আহত কোরে পাপাত্মা
এখনভ জীবন ধারণ কোর্চে এই আশ্চর্য্য! এক্ষণে
স্বস্থানে প্রস্থান কর, আর কিঞ্জিমাত্রও বিলম্বেক
ভাবশ্যক নাই।

দ্রোপদীর প্রস্থান

যুবনিকা পতন।

পঞ্চাক।

দ্বিতীয় সংযোগস্থল।

নাট্শালার পার্থবর্তী গৃহ।

वीरतक जवः रमितिक्वी वामीन।

- বীর। কিগো বিরুমুখি ! কাল বে তাড়াতাড়ি লাজ-সভান ছুটে গেলে——রাজা রক্ষা কোর্ত্তে পালেন না ? তুমি যমের হাতে পোড়েছ ! আমার নাম বীরেক্স; যম আমাকে যম দেখে ।
- সৈরি। আহা! বিধাতা বেছে বেছে কি রসিক পুর-ষের হাতেই আমাকে ফেলেচেন! এর পরে "আওত রেণ্ডি পাঞ্জা লড়ে" না বোলে বাঁচি। কাল কি রসিকতাই প্রকাশ কোরেছ!
- বীর। কেন কেন মেরেচি বোলে রাগ হ'রেচে ?

 আমার সহস্র অপরাধ, আমার সহস্র অপরাধ—

 মাথা পেতে দিচ্চি, আমার মাথায় গুণে একশ
 লাথি মার—তা হ'লে ত রাগ পোড়্বে ? কন্দর্পশরে আহত হ'রে আমি একেবারে হিতাহিত জ্ঞান
 শূন্য হ'রেছিলাম, তা না হ'লে ওরপ অন্যারাচরণে
 কথনই প্রযুত্ত হ'তাম না!
- দৈরি। আমার অত্তব হোচে, তুমি এ পদবীতে কখ-নও পদার্পণ কর নাই।

বীর। যথার্থ অনুভব কোরেচ। তোমার মনোগত ভাব রুষ্তে না পেরে, আমি কি অন্যায় কাজই কোরেচি। যাক্, এখন আমার মন্তকে পদাঘাত কে,তে আর বিলম্ব কোর না।

সৈরি। তোমার মত আমার ফ্লর পালাণ নয়।
বীর। ক্ষমা দেও ধরি ধনি! তোমার চরণ।
গত সূচনার আর কাহি প্রয়োজন,
ধনি! নাহি প্রয়োজন॥
যথার্থ হ'বেছি দোখী চরণে তোমার।
অধীন জনারে কর র্থা তিরকার,

দৈরি। অব্যবস্থিত পুরুষের করে আল্ল-সমর্পণ কোর্ত্তে আমার আশক্ষা উপস্থিত হ'চ্চে। মন পরীক্ষা কর্বার জন্য এক দিন তাচ্ছিল্য করেছিলাম; একেবারে পুন কোর্ত্তে উদ্যত! এ প্রশারকাজ্ফী ব্যক্তির ধর্ম নর।

আর রুখা তিরস্কার॥

বীর। প্রলকে প্রলয় জ্ঞান হ'তেছে আমার।
কি প্রকারে ধৈর্ম ধোরে সহ্য করি আর ?
আশা পোলে আশার আশায় রাখি প্রাণ;
ভাষে কি সহিতে পারি মদনের বাণ ?

কেটে কেটে লবণাক্ত করিতেছ ধনি !

এও কি প্রেমের রীতি স্বধাংশুবদনি !

বিধুমুখে হেসে কথা কও একবার ।

আশা দিরে প্রাণ রাথ অধীন জনার ॥

সত্য সত্য সত্য মম সত্য অস্পীকার ।

তিরকাল হ'য়ে রব অধীন তোমার ॥

যা বলিবে তা করিব ইথে নাহি আন্ ।

তৃবিত চাতকে কর আশা-বারি দান ॥

দৈরি ! প্রণয় অমূল্য নিধি ; কিন্তু পরকীয় প্রণয় যত গোপন থাকে ততই মঙ্গল।

বীর। তোমার মনোগত ভাবটা কি বল দেখি ? দৈরি। আমার ইচ্ছা, সকল দিক্ রক্ষা কোরে চলি।

আমি বিশেষরপেই অবগত আছি তোমার অসাধ্য কিছুই নাই। মনে কোর্লে এই অথও ভূমওলে একাধিপত্য স্থাপন কোর্ত্তে পার, কিন্তু প্রণয় সম্বন্ধে একটু সাবধান হওয়া ভাল। আমি পঞ্চ গন্ধর্কের পত্নী, তার এর বিন্দু বিদর্গ অবগত হ'লে এক ভ্রমানক কাও উপস্থিত হবে । গন্ধর্কে জাতিরা মায়ায় ত্রিভূবন মুগ্ধ কোর্ত্তে পারে। তোমার সহিত্ত মর কলা কোর্ত্তে গোলে তারা কি আমাকে জীরস্ত রাখবে ? বীর। তোমার গন্ধর্ব পতিরা কি অত্যন্ত বলব নূ? দৈরি। কেন ভয় হুয়েছে নাকি?

কেন ভয় হ'রেছে নাকি ?
লক্ষা, মান, ভয়, সব দূর হয়,
প্রণয়ে দীক্ষিত হ'লে।
লোকের গঞ্জনা, যেমন ঝঞ্জনা
কলে কিছু নাহি কলে॥
ক্রমে জালাতন হ'লে পরে মন,
সকল অগ্রাহ্য করে।
মরণের ভয়, তাও নাহি শ্র

বীর ৷ যথার্থ বোলেছ; যদি লজ্জার তর থাক্তো, তা হ'লে কি তোমার পেছনে পেছনে রাজসভায় যেতে পার্ভাম ! সেযা হ'ক, শশিমুখি ! বল দেখি অদ্য রজনীতে কোথার আমরা একতে সমিলিত হব ?

সৈরি। তার জন্যে তোমাকে ভাব্তে হবে না, তা বহুকাল পূর্কো আমি ছির কে:রে রেখেছি।

বীর। কোথায় কোথায় ! বল বল, শুনে কর্ণকুছর পরিভৃত্ত হ'ক্।

দৈরি। নাটশালার তিমিরারত নির্জন গৃহে। বার। ঠিক্ বোলেছ ঠিক্ বোলেছ। দৈরিধি ! তোমার কি রুদ্ধি ভাই! সৈরি। বাহাবা দেবার সময় আছে; এখন আমার কাছে তোমার একটি প্রতিজ্ঞা কোর্ত্তে হবে।

वीत। कि कार्छ इरव वल ना।

দৈরি। এ কথা কারে। কাছে প্রকাশ কোর্বে না।

ননোরমা ঘেন ফাকি দিয়ে পেটের কথা বার্কোরে
নেয় না।

বীর। এ কথা যদি মনোরমাকে বলি, তবে আমার যে—
সৈরি। দিব্যি কোর্তে হবে না, দিব্যি কোর্তে হবে না,
তোমার স্থাতেই আমি বিশ্বাস কোল্লাম; কিন্তু
রাত্রি দ্বিতীয় প্রহণের পূর্বেকি কোনক্রমে নাট্রশালার
প্রবেশ কোর না।

বীর। তোমার কথা এখন আমার ইউ-মন্ত্র হয়েছে; তুমি যা বোল্বে তাই কোর্কো।

দৈরি! তবে আমি যাই, আর বিলম্ব কোর্ত্তে পারিনে।
হয়ত উত্তরা আমাকে খুঁজে বেড়াচ্চে। আমি উদ্যা
নের পুন্ধরিণীতে গা ধোবার ছলনা কোরে এসে
ছিলাম। (ক্রতপদে প্রস্থান।)

বীর। যাই বলুক, মারের চোটে দব হোয়েচে —— আর কেন, এখান থেকে যাই।

> বীরেন্দ্রের প্রস্থান। যবনিকা পতন।

পঞ্চান্ধ। তৃতীয় সংযোগস্থল। বীরেন্দের শয়ন মন্দির।

বীর। (কাষ্ঠাদনে উপবিষ্ট; বামহন্তে দর্পণ ধরিয়া, স্থগত) পোশাখ্টা কিছু মন্দ হয়নি—একটা কি টুপি মাথায় দেব ?—না, তা হ'লে চুলগুলো ঢাকা পোড়ে যাবে।

(নেপথ্যে নূপুরের শব্দ)

একি! শশিকলা আন্চেনাকি? ভাল বিপদ!!

(শশিকলার রঙ্গ ভূমিতে প্রবেশ)

শশি। (বীরেন্দ্রের প্রতি) একেবারে সেকে গুজে বোদে বে; এত রাত্রে কোথার গমন হবে?

বীর। অনত্যনীয় রাজকার্য্যে গমন কচিচ।
শশি। রাজকার্য্যে গমনের কি এই বেশ ?
বীর। তোমার ইচ্ছা, সর্ব্বদাই আমি দৈনিক পরিচ্ছদ
পোরে থাকি ?

শশি। কোন পরিচছদেই আজ্ নিজ ভবন পরিত্যাগ করা হবে না। আমি পুনঃ পুনঃ নিষেধ কচি, দাসীর কথা কোন ক্রমেই অবহেলা কোর্ছে পাবে না। বীর। স্ত্রীলোককে পারা ভার; তোমার মনে বুঝি অন্য কোন ভাবের আবির্ভাব হোল ? নিতান্ত তোমার আমি জান চিরকাল।
তবে কেন মিছামিছি ঘটাও জঞ্জাল ?
তোমারে করিতে তুইু প্রাণ করি পণ।
তব আজ্ঞাকারী হ'য়ে আছি সর্বক্ষণ॥
উনশত দেবর তোমার আজ্ঞাকারী।
দাস্য-বৃদ্ধি করিতেছে তাহাদের নারী॥
রাজা রাণী সর্বাদা তোমার তোমে মন।
তথাচ বিরদ কেন হয় চন্দ্রানন ?

শশি। প্রাণকান্ত ! রমণীর প্রার্থনীয় সমস্ত সুখই ভগবান্ আমাকে দিয়েছেন, কিন্তু আজ্ (রোদন)—
বীর। মনের কথাটা কি প্রকাশ কোরেই বল না ?
অনর্থক রোদনের প্রয়োজন কি ?
শশি। অকারণে কেন আমি করিব রোদন।
শেষ রজনীতে কাল দেখেছি স্থপন॥
কোথা থেকে এনে এক বীর অবতার।

কোথা থেকে এনে এক বীর অবতার।
কপটে তোমারে যেন কোরেছে সংহার॥
মাংসপিও করিয়াছে দোনার শরীর।
অবিরত তাহা দিয়া বারিছে রুধির॥
রাজা রাণী কাঁদিতেছে তোমার কারণ॥
দিনে অক্ষকারময় বিরাট ভবন॥
তার পর নিদ্যাভঙ্গ হইল আমার।

উঠে দেখি ডান্ চক্ষু নাচিছে আবার ॥ চলিতে উছট্ লাগে শরীর বিকল। অকারণ অবিরত চক্ষে বহে জল॥

- বীর। ছি ছি ছি ছি——একটা স্থপন্ দেখে মরা কান্না কাদতে আরম্ভ কোল্লে? তুমি বীর-পত্নী, সেটা কি একেবারে বিস্মৃত হ'য়েছ?
- শশি। নাথ! আমি নিতান্ত অবোধ নই, কিন্তু কি করি, মন যে একেবারে অধৈর্য হ'য়ে উঠেছে। যে দিকে দৃষ্টিপাত কর্চি, সেই দিকেই অমঙ্গলের চিহু দর্শন কর্চি। রজনীতে তোমাকে কোন ক্রমেই বাটীর বহিন্তাগে গমন কোর্ত্তে দেব না।
- বীর। এ তোমার অন্যায় অনুরোধ। এ অনুরোধ
 আমি কোন মতেই রক্ষা কোর্ত্তে পারি না;
 আমাকে অবশ্যই গমন কোর্ত্তে হবে। (গমনে
 উদ্যত।)
- শশি। তিহে নাথ! যাব যাব বোলনা বোলনা।
 অভাগীরে অনাথিনী কোরনা কোরনা॥
 সাধ কোরে কালসর্প ধোরনা ধোরনা।
 এ নিশিতে নিজালয় ছেড়না ছেড়না॥
- বীর ৷ কারে করি ভয়, আমি কারে করি ভয় ? দেবতা, গন্ধর্কা, নর, যক্ষ, রক্ষ, বিদ্যাধর,

ভুজবলে করিয়াছি সকলেরে জয়।
কারে করি ভয়, আমি কারে করি ভয় ?
ভীল্প, দ্রোণ, কর্ণবীর, মম অল্পে নহে স্থির;
শূন্য আচ্ছাদিতে পারি কোরে অন্ত্রময়।
কারে করি ভয়, আমি কারে করি ভয় ?
সমান দীক্ষিত রণে, হস্তী-অশ্ব-রথাসনে,
গদায়ুদ্ধে রকোদর সমতুল্য নয়।
কারে করি ভয়, আমি কারে করি ভয় ?
কে আমার আছে অরি ? শমনে না শঙ্কা করি

কে আমার আছে আর ? শমনে না শঙ্কা কার হৃদয়ে সর্ববদা স্মরি জয় শিব জয়!! কারে করি ভয়, আমি কারে করি ভয়!

শশি ৷ (রোদন করিতে করিতে)

একান্ত যদ্যপি কান্ত! করিবে গমন ।
দাঁড়াও নয়ন ভরে করি দরশন ॥
একেবারে অধীনীর ভেঙেছে কপাল।
এ রজনী হ'ল আজি মম পক্ষে কাল॥
বৃদ্ধিমান্ হ'য়ে হ'লে অবোধের প্রায়।
আমার স্থাখের নিশি বুঝি অন্ত যায়॥
প্রভাতে না হেরি যদি তোমার বদন।
তথানি এছার প্রাণ দিব বিদর্জন ॥

বীর। আর আমি তোমার মিছে কামা শুনে বিলম্ব কোর্ত্তে পারি না।

(জ্ৰুতপদে প্ৰস্থান)

শশি। এখন কি করি, প্রাণকান্ত কোন মতেই আমার
বারণ শুন্লেন না। অদুটে কি আছে কিছুই
বোল্তে পারি না—স্বপ্নের কথা কিছু সকল সমর
সত্য হয় না, কিন্তু মন কোন ক্রমেই প্রবোধ
মান্ছে না! শ্যায় শ্য়ন কোর্ত্তে পার্বো না।
এই ভাবেই সমস্ত রাত্রি পতির পুনরাগ্যনের
প্রতীক্ষা করি।

ষ্বনিকা পতন।

পঞ্ন†স্ক। চতুর্থ সংযোগস্থল।

তিমিরারত নাট্রশালা।

ভীম নারীবেশে কাষ্ঠাসনে উপবিক।

ভীম। (স্থগত) ছুরাত্মা এখনও আদ্চেনা কেন, টের্পোয়েছে নাকি? না—টের্পাবার বিষয় কি? একবার ঘরে প্রবেশ কোল্লেহ্য, ঘাড়্টা মুচ্ডে ভেক্তে কেল্বো। (নেপথ্যে পায়ের শব্দ শুনিয়া) সেই আস্চে।

(বীরেন্দ্রের প্রবেশ)

- বীর। আমার বহুকন্টে উপার্জ্জিত নিধি এই অন্ধকারাচ্ছন্ন গৃহে কোথায় পোড়ে রয়েছে! চন্দ্রাননে! একবার করভালি প্রদান কর; আমি সেই
 শব্দরূপ রজ্জু ধারণ কোরে ভোমার নিকটক্থ হই।
 আর আমার সহিত পরিহাস কোরনা। প্রায় একপক্ষ কাল ভোমার বিরহরূপ বিষাক্ত শব্দে হৃদর
 জর্জ্জরীভূত হ'য়ে রয়েচে। বিশেষতঃ দিনমণি অস্তাচল-শায়ী হওনাবধি একাল পর্যান্ত যে কি প্রকার
 অসহ্য যন্ত্রণা ভোগ করেছি, তা বর্ণন কোর্ত্তে পারি
 না। একান্ত অধীনকে আর কন্ট দিওনা।
- ভীম। (করতালি প্রদান করিয়া কিঞ্চিৎ অন্তরে গমন।)
- ৰীর। (আফ্লাদে িচ্বল হইয়া) কৈ ! কোন্দিকে ? (উত্তর দিক্লক্ষ্য করিয়া বীরেন্দ্রের গমন।)
- ভীম। (গমনপথে একথানি কাষ্ঠাদন স্থাপন করিয়া মৃত্যুস্বরে (কোন্ দিকে যাজ ?
- ষীর। আঃ! কিছুই যে দেখতে পাই না। সৈরিক্সি.! আর একবার করতালি দেও।
- ভীম। (উত্তরদিকে করতালি প্রদান করিয়া দক্ষিণ-ধারস্থ পর্য্যক্ষের উপর উপবেশন)

বীর। এ দিকে নয়;— সৈরিপ্রি! আমার একবার হাতটা ধর, আমি কিছুই দেখতে পার্চিনা। ভীম। তমি যে নাটাই ঘরে বেডাচ্চ: ঠিক সোজা

ভীম। তুমি যে নাটাই ঘুরে বেড়াচ্চ; ঠিক্ সোজা এস না।

বীর। সোজা যাব? (কাঠাদনের উপর পতিত হইয়া) দৈরিক্সি.! ভাল কফটা দিলে!

ভীম। বুড়ো মিন্সে শুক্নো মাটিতে আচাড়্খেলে? ছিছিছি!!

বীর। আমি কি পোড়েচি ? একখানা কি ভেঙ্গে গেল। ভীম। এই আমি, ঠিক্ এস। (বীরেন্দ্রকে নিকট-বর্ত্তী অনুভব করিয়া) দাঁড়াও, আমার একটি কথা আছে।

বীর। এখনও কথা আছে? তোমার যে কথা ফুরোয় না।
ভীম। বটে! রাজসভার মাঝখানে দশগণা লাথি
মাল্লে, আমি বুঝি তার শোধ নোবো না? আমরা
মেয়েমাকুষ।

বীর। আমার মাধার লাথি মাল্লেই রাগ পড়ে ত মার। (মস্তক অবনত করণ

ভীম। অমন হবে না, হাঁটু গেড়ে বোদ।

বীর। আচ্ছা তাই বোস্চি। (উপবেশন ও মন্তক অবনত করিয়া) কৈ মার না, আর বিলম্ব কেন?

- ভীম। (সজোরে পদাযাত)
- বীর 1 বাবারে ! এ লাথি ও কম লাথি নয় ! (পুনঃ
 পদাঘাতের পর) ভঃ—এ ত ক্রালোকের পদাঘাত
 নয়, তা হ'লে কখনও আমার হৃৎকম্প হোত না।
 (উত্থান চেটা।)
- ভীম। (দত্তে দন্ত ঘর্ষণ করিয়া) দৈরিজীর সহিত প্রেমালিক্সনে তাপিত হাদ্য শীতল কর্। (বিকঃহুলে মুক্টাঘাত)
- বীর। কি সর্বনাশ!! আমি কুছকিনার চাতুরী জালে
 নিপত্তিত হ'য়ে কাপুরুষের ন্যায় হত হব! ধিক্
 আমাকে!!
- ভীম। (তৃকার শব্দে) কামুকেরা এই প্রকারেই হত হয়।
- বীর! হরাত্মন্! তুই স্ত্রীলোকের পরামর্শে কাপুরুষের ন্যায় আমাকে গুপ্তাঘাত কল্লি, এতে তোর কিছু-মাত্র পুরুষত্ব নাই।
- ভীম। বলে, ছলে, কৌশলে যে প্রকারে হ'ক শক্রকে সংহার কোর্ত্তে পালেই পুরুষত্ব প্রকাশ হয়।

(উভয়ের বাছ যুদ্ধ, কিঞ্চিৎ বিলম্বে বীরন্দ্রকে ভূশ-যাার শয়ন করা ইন্তিনিক্তিরক্ষঃস্থলের উপর উপ-বেশন 1) পাপাত্মার কি কঠিন প্রাণ!—এখনও মরে নি ! ! —(মন্তকে মুক্ট্যাঘাত)

(গোঁ। গোঁ। শব্দে বীরেক্সের দেহ-ভাগা।)

এই চক্ষে সৈরিন্ধ্রীর অলোকিক রূপলাবণ্য দর্শনে মোহিত হু ছেছিলি ! (চক্ষুদ্ম উৎপাটন) ওরে ক্ষত্র-কুলকণ্টক! তুই শূগাল হ'য়ে সিংহপত্নীর প্রতি মনন কোরেছিলি । তোর এই ছুর্দশা দর্শন এবং প্রবণ কোরে যেন কামুক ব্যক্তির্দের চৈতন্য হয়, আর ষেন কেহ কখন পরনারীর প্রতি দৃষ্টি না করে। (বীরেন্দ্রের মন্তক এবং হন্তপদ উদর মধ্যে প্রবিষ্ট করাইয়া) কোথায় পাণ্ডব-লক্ষ্ম পাঞ্চালি! তোমার প্রতি দৌরাত্ম্য-কারীর ছুর্দশাদর্শনে মনের মালিন্য দূর করেনে।

(প্রন্থলিত দীপহন্তে দ্রোপদীর রঙ্গভূমিতে প্রবেশ) ক্রোপ। প্রাণবন্ধভ! তোমাকে একবার নমস্কার করি,

এবং তোমার বাহু-যুগালের অর্চ্চনা করি। তুমি একক এই কালান্তক যমসম রিপুকে নিহত কোর্লো !!

কৈ, জুরাত্মার মৃতদেহ কোণায় ?

ভীম। এই তোমার সম্মুখেই পতিত। ক্রোপ। একি মনুষ্য দেহ!

ধন্য ধন্য ধন্য তুমি ধন্য মহাবল। তোমার ভয়েতে ভীত কৌরৰ সকল।

তোমা হ'তে পুন পাব রাজ্য-অধিকার। হস্তিনার সিংহাসন, রত্নের ভাণ্ডার I যাহারে কুরিত ভয় কৌরব-প্রধান ! হেন জনে বিনাশিলে বিনা ধকুৰ্বাণ ॥ বড় ত্বঃ ব দিয়েছিল সূত-পুত্র ছার। তোমার বিক্রমে নাথ! পেলাম নিস্তার॥ হে পাণ্ডবগণের চিত্তবিনোদিনি! তুমিই আমাদিগের বলবৃদ্ধি। দ্বাদশবর্ষ কাল আমরা কেবল তোমারই পূর্ণচক্র বিনিন্দিত বদন নিরীক্ষণ কোরে বনবাদের অসহ্য যন্ত্রণা সহ্য কোরেছি। তোমার গুণেই ভগবান্ ছর্কাদার ব্রহ্ম-কোপা-নলে নিস্তার লাভ কোরেছি। তোমার সৌজন্য াজনাই মহাত্মা যুধিষ্ঠিরের রাজসুর যজ্ঞ স্থ্যম্পন হ'রে এই জগতিতলে অক্ষয় কীর্ত্তি সংস্থাপিত হ'য়েছে। তুমি পাণ্ডবগণের বহুকটে উপার্জ্জিত া নিধি। তোমার ভুবনোজ্জল মোহিনী মূর্ত্তি দর্শনে মোহিত হ'মে মহাবীর ধনঞ্জয় স্বয়ন্তর সভায় আহুত লক ভূপতি সমকে লক্ষ্য ভেদ কোরেছিল। বিধর্মী নৃপতিগণ তোমাকে বলপূর্বক হরণ ক্রবার জন্ম অকারণ অর্জ্জুনের প্রতি আক্রমণ করে। তোমার চিত্ত-বিনোদনার্থে কিরীটা একক সেই ভয়স্কর

নমর সিন্ধু মন্থন কোরে আপনার ভূজননের পরি চয় প্রদানে পাত্রকুরের মুখোজন কোরেছিল **ष्ट्रान्दन!** य थकारत वीरतस्य वामात इरस्ड নিহত হ'ল, এইরূপে তোমার অপরাপর শক্র গণকেও পর্য্যায়ক্রমে ধর্তিলশায়ী কোর্ব। কোরবাধম যে উরুদেশে উপবেশন কোর্ছে তোমাকে ইঙ্গিত কোরেছিল, সমুখ সংগ্রামে এই হত্তে গদা গ্রহণ কোরে তাহার উরুদ্বয় চূর্ণ কর্বো। তু:শাসন সভা সমক্ষে তোমার কেশাকর্ষণ কেরে এখন । জীবিত আছে, এ আমার সাম, न, আছে-পের বিষয় নয়। দেই দিবদেই ধৃতরাষ্ট্রের শত-পুত্রের মন্তক চূর্ণ কোরে সভাত্তল শোণিতে প্লাবিত কোর্ত্তাম, কর্ণের নাসাকর্ণ ছেদন কোর্ত্তাম, শকুনির শরীর খণ্ড খণ্ড কোরে শকুনি গৃধিনীর সমুখে বিস্তার কোর্তাম, কেবল পাণ্ডবনাথের প্রতিজ্ঞা-ভঙ্গের আশকায় সে সময় কুরুকুল-নির্মাল কোর্ত্তে পারি নাই। অজ্ঞাতবাদ শেষ হ'লে পাওবছে বিদিগকে কখনই জীবিত রাখ্ব না, কথ নই জীবিত রাখ্বো না। পাঞালি ! রজনী প্রভাত হ'বার আর বিলম্ব নাই, ভূমি স্বস্থানে প্রস্থান কর। দ্রোপ। যথার্থ, আর এখানে বিলম্ব করা মুক্তিযুক্ত নয়।
অজ্ঞাত বাদের এখনও কিঞ্ছিৎকাল অবশিষ্ট আছে।

উভয়ের প্রস্থান।

যবনিকা পতন।

ইতি বীরেন্দ্রবিনাশ নাটক

সমাপ্ত।



